# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 01, 1433 Bangla, April 14, 2026, Tuesday, No. 101, 56th year


# H I G H L I G H T S

The nation is celebrating Pahela Baishakh, the first day of the Bengali New Year 1433, today with vibrant festivities, cultural programmes & traditional enthusiasm across the country. [Jago FM: 14]

President Mohammed Shahabuddin & PM Tarique Rahman has extended their heartfelt greetings & congratulations to countrymen as well as all Bangla speaking communities across world on occasion of Pahela Baishakh. [Jago FM: 14] [R. Today: 14]

RAB DG has said extensive security measures have been taken across country to celebrate Bengali New Year. RAB Special Commando Force has been kept ready to deal with any kind of sabotage attack. [Jago FM: 15]

Prime Minister's Adviser on Foreign Affairs Humayun Kabir has said the visit to India has been "fruitful", adding that India has agreed to open medical & business visas for Bangladeshis next week. [BBC: 03;Jago FM: 16]

Information Minister has said people want the right to be protected from misinformation, adding that if protection from misinformation is not provided, society, politics & economy could face dire problems. [Jago FM: 17]

Seven more children have died due to measles & measles-like symptoms in last 24 hours, according to DGHS, as the outbreak continues to intensify nationwide. [BBC: 03]

Commerce Minister has said that Bangladesh is purchasing fuel at nearly double previous prices amid an energy crisis triggered by the conflict in the Middle East. [Jago FM: 17]

The members of the National Human Rights Commission have resigned following the repeal of an ordinance issued during the interim government regarding the commission. [DW: 12]

TIB think that govt. has taken initiatives to rehabilitate identified looters by giving opportunity former shareholders of weak banks that have been merged under Bank Resolution Act to regain ownership. [Jago FM: 18]

A spokesman for the National Security Commission of Iran's parliament has said US President Donald Trump's threat to block the Strait of Hormuz is "empty rhetoric" that does not match reality. [BBC: 11]

Russia has warned that the US sanctions against Iran in the Strait of Hormuz could have a negative impact on global markets. [BBC: 10]


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

## দৈনিক মনিটরিং রিপোর্ট

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**বৈশাখ ০১, বাংলা ১৪৩৩, এপ্রিল ১৪, ২০২৬, মঙ্গলবার, নং- ১০১, ৫৬তম বছর**

# শিরোনাম

আজ দেশজুড়ে জমকালো উৎসব, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ঐতিহ্যবাহী উদ্দীপনার সঙ্গে বাংলা নববর্ষ ১৪৩৩-এর প্রথম দিন পহেলা বৈশাখ উদযাপিত হচ্ছে। [জাগো এফএম: ১৪]

রাষ্ট্রপতি মোহাম্মদ শাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান পহেলা বৈশাখ ও বাংলা নববর্ষ ১৪৩৩ উপলক্ষে দেশবাসীসহ বিশ্বজুড়ে সকল বাংলাভাষী সম্প্রদায়কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। [জাগো এফএম: ১৪] [রে. টুডে: ১৪]

র‍্যাবের মহাপরিচালক জানিয়েছেন, বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে দেশজুড়ে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। যেকোনো ধরনের অন্তর্ঘাতমূলক হামলা মোকাবেলার জন্য র‍্যাবের বিশেষ কমান্ডো বাহিনীকে প্রস্তুত রাখা হয়েছে। [জাগো এফএম: ১৫]

প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির বলেছেন, ভারত সফর `ফলপ্রসূ, হয়েছে। বাংলাদেশিদের জন্য আগামী সপ্তাহে চিকিৎসা ও ব্যবসায়িক ভিসা খুলে দেওয়ার বিষয়ে ভারত সম্মত হয়েছে বলে জানিয়েছেন তিনি। [বিবিসি: ০৩;জাগো এফএম:১৬]

মানুষ অপতথ্যের হাত থেকে সুরক্ষার অধিকার চায়-- মন্তব্য তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, অপতথ্য থেকে সুরক্ষা না দিতে পারলে সমাজ, রাজনীতি, অর্থনীতি ভয়াবহ সমস্যার মধ্যে পড়তে পারে। [জাগো এফএম: ১৭]

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, দেশব্যাপী হামের প্রাদুর্ভাব তীব্রতর হওয়ায় গত ২৪ ঘণ্টায় হাম এবং হামের মতো উপসর্গে আরও সাতটি শিশুর মৃত্যু হয়েছে। [বিবিসি: ০৩]

মধ্যপ্রাচ্যের যুদ্ধের প্রভাবে দ্বিগুণ দামে জ্বালানি তেল ও সার কিনতে হচ্ছে -- জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। [জাগো এফএম: ১৭]

জাতীয় মানবাধিকার কমিশন নিয়ে অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা অধ্যাদেশ বাতিল হওয়ায় পদত্যাগ করেছেন কমিশনের সদস্যরা। [ডয়চে ভেলে: ১২]

টিআইবি মনে করছে, ব্যাংক রেজুলেশন আইনে একীভূত হওয়া দুর্বল ব্যাংকের পুরোনো শেয়ারধারীদের আবারও ব্যাংকের মালিকানায় ফেরার সুযোগ রেখে সরকার চিহ্নিত লুটেরাদের পুনর্বাসনের উদ্যোগ নিয়েছে। [জাগো এফএম: ১৮]

ইরানের পার্লামেন্টের জাতীয় নিরাপত্তা কমিশনের এক মুখপাত্র বলেছেন, হরমুজ প্রণালি অবরোধের বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হুমকি হলো ”ফাঁকা বুলি,„ যা বাস্তবতার সাথে মিলে না। [বিবিসি: ১১]

রাশিয়া সতর্ক করেছে, হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্র ইরানের বিরুদ্ধে যে অবরোধ আরোপ করতে যাচ্ছে, তা বৈশ্বিক বাজারে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। [বিবিসি: ১০]

# বিবিসি

## ভারত সফর `ফলপ্রসূ, হয়েছে : পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা

প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির বলেছেন, ভারত সফর `ফলপ্রসূ, হয়েছে। তিনি বলেন, ”দুই দেশের সম্পর্ক যদি পজিটিভ দিকে নিয়ে যাওয়া যায়, তাহলে আমরা কিছুটা ভালো প্রোগ্রেস করতে পারব। ওইদিক থেকে এটি ফলপ্রসূ সফর। ওখানে ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের সাথে আমাদের মিটিং হয়েছে, পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সাথে কথাবার্তা হয়েছে। দুটি মিটিংই ইতিবাচক।„ আজ সোমবার সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে সাক্ষাৎ শেষে হুমায়ুন কবির সাংবাদিকদের এসব কথা বলেন। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। তিনি বলেন, ”আশা করি, আগামী সপ্তাহে আমরা বৈঠকের কিছু পজিটিভ দিক দেখতে পাব। আমরা গুরুত্ব দিয়েছি, মেডিকেল ভিসাগুলা যেন তাড়াতাড়ি চালু করে দেওয়া হয়। তারাও বিষয়গুলো ইতিবাচকভাবে নিয়েছেন।„ এর আগে, সকাল সাড়ে ১১টায় সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ও প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। তারা সম্প্রতি ভারত সফরের বিষয়ে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। গত ৭ এপ্রিল ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের আমন্ত্রণে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ভারত সফরে যান। তার সফরসঙ্গী ছিলেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির।

(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ রনি)

## হাম ও হামের উপসর্গে আরও ৭ শিশুর মৃত্যু

হাম ও হামের উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় দেশে আরও সাত শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে দুই শিশু নিশ্চিতভাবে হামে মারা গেছে, বাকি পাঁচ শিশু হামের উপসর্গ নিয়ে মারা গেছে। আজ সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। একই সময়ে গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম রোগীর সংখ্যা ৮২ ও সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১ হাজার ৩৭১। গত ১২ এপ্রিল সকাল ৮টা থেকে আজ ১৩ই এপ্রিল সকাল ৮টা পর্যন্ত হিসাবে এই পরিস্থিতি উঠে এসেছে। এতে বলা হয়েছে, এই সময়ের মাঝে সবচেয়ে বেশি হাম আক্রান্ত রোগী পাওয়া গেছে ঢাকা বিভাগে ও সন্দেহজনক হাম রোগীর সংখ্যাও এই বিভাগে বেশি। যে দুইজন মারা গেছে, তারাও এই বিভাগেরই।

(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## নববর্ষের শোভাযাত্রা কীভাবে রাজনৈতিক ইস্যু হয়ে গেল

বাংলাদেশে পহেলা বৈশাখকে ঘিরে সারা দেশে উদ্‌যাপন প্রস্তুতির পাশাপাশি নববর্ষের শোভাযাত্রার নাম গত বছর একবার পরিবর্তনের পর এবার আবার নতুন করে নির্ধারণ করেছে সরকার, যার ফলে এ নিয়ে রাজনৈতিক বিতর্ক এ বছর আরও বেড়েছে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, চলতি বছর এই শোভাযাত্রার নাম হবে 'বৈশাখি শোভাযাত্রা', যা এর আগে কখনও 'আনন্দ, কিংবা `মঙ্গল শোভাযাত্রা' নামে আয়োজন করা হতো। ইতিহাসবিদ ও গবেষকরা অবশ্য বলছেন, এক সময় পুরো বৈশাখ উদ্‌যাপনকে নিয়েই 'হিন্দুয়ানি' কিংবা এ ধরনের আয়োজন ব্যাখ্যা দিয়ে বিতর্ক তৈরির প্রবণতা দেখা যেত। কিন্তু গত এক দশকে এ বিতর্কের কেন্দ্র এসে দাঁড়িয়েছে নববর্ষের শোভাযাত্রা। বিশেষ করে, ২০১৬ সালে `মঙ্গল শোভাযাত্রা, জাতিসংঘের সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় জায়গা পাওয়ার পর থেকে একে ঘিরে রাজনৈতিক বিতর্ক আরও জোরদার হয়েছে, যার ফলে অনেকে মনে করছেন, এটি এখন রাজনৈতিক ইস্যুতে পরিণত হয়েছে। ইতিহাসবিদ ও প্রত্নতত্ত্বের অধ্যাপক এ কে এম শাহনাওয়াজ বলছেন, ”শত বছর ধরে বৈশাখি মেলাসহ নানা আয়োজনে নববর্ষ উদ্‌যাপিত হয়েছে, আবহমান এই সমাজে কারও গায়ে ফোসকা পড়েনি। ফলে শোভাযাত্রা ঘিরে যে বিতর্ক, সেটি যে রাজনৈতিক উদ্দেশ্যে তৈরি, তাতে কোনো সন্দেহ নেই।„ প্রসঙ্গত, নববর্ষের প্রথম দিনে শোভাযাত্রাটি বের হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ থেকে। তবে শোভাযাত্রাটি রাষ্ট্রীয় কর্মসূচি এবং এর সার্বিক ব্যবস্থাপনার কাজটি সরকার থেকেই করা হয়।

### শোভাযাত্রা ও রাজনীতি

ঢাকায় পহেলা বৈশাখে বাংলা নববর্ষকে কেন্দ্র করে শোভাযাত্রাটি প্রথম শুরু হয় ১৯৮৯ সালে। তখন যারা এতে অংশ নিয়েছিলেন তাদের বর্ণনা মতে, এই শোভাযাত্রাটি মূলত সামনে এসেছিল তখনকার এরশাদ সরকার বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে। ১৯৯০-এ স্বৈরাচার বিরোধী আন্দোলনের পটভূমিতে 'অমঙ্গলকে দূর করে মঙ্গলের আহ্বান' জানিয়েই শোভাযাত্রার নামকরণ করা হয়েছিল 'মঙ্গল শোভাযাত্রা'। তখন থেকেই প্রতি বছর চারুকলা অনুষদ থেকে পহেলা বৈশাখের সকালে বাদ্যযন্ত্রের তালে তালে নানা ধরনের ভাস্কর্য, মুখোশ হাতে বর্ণাঢ্য মিছিল বের হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ে। তবে এতে অংশ নিতে শুরু করে সমাজের বিভিন্ন স্তরের সাধারণ মানুষ। প্রতি বছর শোভাযাত্রার অন্যতম অনুষঙ্গ থাকে এসব বাঁশ এবং কাগজের তৈরি নানা ভাস্কর্য, যা তৈরি হয় কোনো একটি প্রতিপাদ্যের ওপর ভিত্তি করে। এরপর অন্তত এক দশক এই শোভাযাত্রা কিংবা এর নামকরণ নিয়ে তেমন কোনো বিতর্ক সামনে আসেনি।

তবে, ৯০-এর দশকের মাঝামাঝি থেকে পহেলা বৈশাখ অর্থাৎ বাংলা নববর্ষের কিছু আয়োজনকে ধর্মভিত্তিক কিছু সংগঠন ও বিতর্কিত কিছু ধর্মীয় বক্তা 'হিন্দুয়ানি' আখ্যায়িত করে ধীরে ধীরে প্রচার শুরু করেছিল। বিশেষ করে, 'মঙ্গল শোভাযাত্রায়' পেঁচাসহ নানা ধরনের প্রাণীর প্রতিকৃতির ব্যবহারের প্রসঙ্গ সামনে এনে ওই প্রচার চলছিল তখন। যদিও সেই বিতর্কে সরকার কিংবা মূল ধারার রাজনৈতিক দলগুলো তাতে তখনও জড়াতে শুরু করেনি এবং মঙ্গল শোভাযাত্রাও অনেকটা সার্বজনীন দৃষ্টিভঙ্গিকে সামনে রেখেই আয়োজিত হয়ে আসছিল। এভাবেই তিন দশকেরও বেশি সময় ধরে চলা এই শোভাযাত্রাটি বাংলাদেশের পহেলা বৈশাখ উদ্‌যাপনের অন্যতম গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হয়ে দাঁড়ায়।

কিন্তু, ২০১৬ সালে বাংলাদেশে নববর্ষের `মঙ্গল শোভাযাত্রা, জাতিসংঘের সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় জায়গা পাওয়ার পর থেকেই এই শোভাযাত্রা রাজনৈতিক ইস্যুতে পরিণত হতে শুরু করে। সংস্থাটি 'মঙ্গল শোভাযাত্রাকে, 'অপরিমেয় বিশ্ব সংস্কৃতি' হিসেবে স্বীকৃতি দিয়েছিল। বিশেষ করে, ধর্মভিত্তিক কিছু রাজনৈতিক দলের অনুসারীরা সামাজিক মাধ্যমে 'মঙ্গল শোভাযাত্রা হিন্দুয়ানি', 'এর নাম `আনন্দ শোভাযাত্রা, ছিল- এমন সব প্রচারণা শুরু করে। এভাবে 'মঙ্গল' কিংবা 'আনন্দ' শোভাযাত্রাকে রাজনৈতিক ইস্যুতে পরিণত করার সূচনা হয়েছে বলে অনেকে বলে থাকেন। "এই বিতর্কটাই সাম্প্রতিক ও রাজনৈতিক। এটি শুরু হয়েছে ইউনেস্কো মঙ্গল শোভাযাত্রাকে সাংস্কৃতিক ঐতিহ্য ঘোষণার পর। দৃষ্টিভঙ্গির পরিবর্তন বা প্যারাডাইম শিফটের কারণে নতুন বিতর্ক সামনে আনা হয়েছে,„ বলছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলার অধ্যাপক সৌমিত্র শেখর। যদিও বিগত আওয়ামী লীগ সরকারের শেষ দিকে এসে মঙ্গল শোভাযাত্রায় কিছু মোটিফ ও মুখোশ রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহারের অভিযোগ উঠে। তখন বিএনপি সমর্থকরা অনেকেই সামাজিক মাধ্যমে মঙ্গল শোভাযাত্রায় এসব মোটিফ ব্যবহারের তীব্র সমালোচনা করেন। খালেদা জিয়ার মুখাবয়ব সম্বলিত মোটিফের একটি ছবি একটি শোভাযাত্রায় ব্যবহৃত হয়েছিল বলে সামাজিক মাধ্যমে তার সমর্থকরা অভিযোগ করেছিলেন। তবে সেই সময়ে চারুকলার আয়োজকদের সাথে কথা বলে এ ধরনের কোনো মোটিফ বানানোর বিষয়ে কোনো তথ্য পাওয়া যায়নি।

বিএনপি দলগতভাবে 'মঙ্গল শোভাযাত্রা' নামের বিষয়ে এতদিন কোনো মন্তব্য করেনি। যদিও, এবার ক্ষমতায় এসে বিএনপি সরকার `আনন্দ শোভাযাত্রা, ও `মঙ্গল শোভাযাত্রা, দুটিকেই বাদ দিয়ে 'বৈশাখি শোভাযাত্রা' করার কথা জানিয়েছে। তবে এই মঙ্গল শোভাযাত্রাকে ঘিরে বড়ো বিতর্কটি হয়েছে আওয়ামী লীগ সরকারের পতনের পর বিগত অন্তর্বর্তী সরকারের সময়ে। তখনই প্রশ্ন ওঠে, এই আয়োজনটি চূড়ান্তভাবে রাজনৈতিক বিষয়বস্তুতে পরিণত হলো কি-না। তখন সরকার ২০২৫ সালের পহেলা বৈশাখের 'মঙ্গল শোভাযাত্রা' নাম পরিবর্তন করে, শোভাযাত্রাটির নাম দেয় 'বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা'। তখন শোভাযাত্রার জন্য 'ফ্যাসিবাদের প্রতিকৃতি' হিসাবে একটি মোটিফ তৈরি করা হয়, যার সাথে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার মুখাবয়বের মিল রয়েছে বলে অভিযোগ ওঠে। শোভাযাত্রায় অংশ নিয়ে তখনকার অন্তর্বর্তী সরকারের সংস্কৃতি উপদেষ্টা মোস্তফা সরওয়ার ফারুকী অবশ্য দাবি করেছিলেন যে, 'বর্ষবরণের এবারের শোভাযাত্রা রাজনৈতিক নয়'। আর এবার বিএনপি সরকার ক্ষমতায় এসে এই শোভাযাত্রার নাম দিল 'বৈশাখি শোভাযাত্রা', যাকে বিশ্লেষকরা কেউ কেউ রাজনৈতিক মতভেদের বহিঃপ্রকাশ বলে মনে করছেন। যদিও কিছু সাংস্কৃতিক সংগঠন সরকারের এই সিদ্ধান্ত পরিবর্তনের দাবি করেছে। সংস্কৃতি মন্ত্রী নিতাই রায় চৌধুরী সম্প্রতি বিবিসি বাংলাকে বলেছেন, "এই শোভাযাত্রা এককভাবে চারুকলার না। চারুকলা এটি প্রতিবছর আয়োজন করে। এটি সামগ্রিকভাবে একটি বৈশাখি উৎসব।„

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলার অধ্যাপক ড. সৌমিত্র শেখর বলছেন, বিভিন্ন পন্থার রাজনৈতিক ব্যক্তিরা এই শোভাযাত্রার নামটাকে রাজনৈতিক ইস্যুতে পরিণত করেন। "বৈশাখ, আনন্দ ও মঙ্গল তো অঙ্গাঙ্গিভাবে জড়িত। রাজনৈতিক উদ্দেশ্যে, কেউ কেউ এটিকে ব্রাকেটবন্দী করতে চাইলে সব মতের মানুষের অংশগ্রহণেই এই অনুষ্ঠান অনন্য। রাজনৈতিক উদ্দেশ্যে কেউ কেউ বিতর্ক করেন। মঙ্গল শোভাযাত্রা সারা দুনিয়ার বাঙ্গালিরা নানা আয়োজন করে। তাদের কাছে বৈশাখ আনন্দ নাকি মঙ্গল সেটা দেখার বিষয় নয়,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এ কে এম শাহনাওয়াজ বলছেন, দেশের রাজনীতি যেমন সংকীর্ণ হয়েছে, তারই ফল এটা। "অনেকে দিনের পর দিন শোভাযাত্রা ও বৈশাখ আয়োজনকে ঘিরে বিরক্তিকর প্রচারণা চালিয়েছে। এদেশে ইতিহাসের স্বচ্ছতার অভাব প্রকট এবং ইতিহাস জানার চেষ্টাও কম। ইলিশ পান্তা খেলে পাপ হবে এমন অপপ্রচারও চালানো হয়েছে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তবে তার মতে, পহেলা বৈশাখ ও বাংলা নববর্ষের বিশালত্বের কারণে সময়ের সাথে সাথে এসব রাজনৈতিক রং লাগানো কিংবা বিতর্কের অবসান হবে।

(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৪.২০২৬ আলী আহমেদ)

## এমডি লম্বা ছুটিতে, ইসলামী ব্যাংক নিয়ে কী হচ্ছে

বাংলাদেশের বেসরকারি খাতের বড়ো বাণিজ্যিক ব্যাংক ইসলামী ব্যাংকে বড়ো পরিবর্তনের প্রক্রিয়া দৃশ্যমান হচ্ছে এবং একে কেন্দ্র করে ব্যাংকের ভেতরেই নানা ধরনের প্রতিক্রিয়ার খবর পাওয়া যাচ্ছে। ব্যাংকটির স্বতন্ত্র পরিচালক ও নির্বাহী কমিটির চেয়ারম্যান মো. আব্দুল জলিলকে অপসারণের পর, এক মাস পার হওয়ার আগেই ব্যাংকটির

ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. ওমর ফারুক খানকে দেড় মাসের বেশি সময়ের জন্য ছুটিতে পাঠানো হয়েছে, যা আজ কার্যকর হয়েছে। এদিকে, সংসদে সম্প্রতি 'ব্যাংক রেজল্যুশন আইন ২০২৬' পাস হওয়ার পর ব্যাংকগুলোর আগের মালিকদের ব্যাংকের নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার সুযোগ তৈরি হয়েছে বলে মনে করছেন বিশ্লেষকরা। তাদের ধারণা, ইসলামী ব্যাংকেও আলোচিত শিল্পগোষ্ঠী এস আলম গ্রুপের নিয়ন্ত্রণ পুনঃপ্রতিষ্ঠার প্রক্রিয়া শুরু হয়েছে এবং তারই অংশ হিসেবে অন্তর্বর্তী সরকারের সময়ে নিয়োগ পাওয়া চেয়ারম্যান ও এমডিকে সরিয়ে দেওয়া হচ্ছে। আওয়ামী লীগ সরকারের আমলে আলোচিত ব্যবসায়ী মো. সাইফুল আলম (এস আলম) ও তার পরিবারের সদস্যরাই ইসলামী ব্যাংকের ৮২ শতাংশ শেয়ারের মালিক ছিলেন। ২০২৫ সালে কেন্দ্রীয় ব্যাংকের তখনকার গভর্নর জানিয়েছিলেন যে, ইসলামী ব্যাংকের ক্ষেত্রে এস আলম গ্রুপের ১২ থেকে ১৫ হাজার কোটি টাকার শেয়ার জব্দ করা হয়েছে। কেন্দ্রীয় ব্যাংক অবশ্য বলছে, ইসলামী ব্যাংকে যে-সব পরিবর্তন হচ্ছে, সেগুলো ব্যাংকের স্বাভাবিক নিয়মেই হচ্ছে। "আমানতকারীদের আস্থা ও আর্থিক খাতের শৃঙ্খলার স্বার্থে যে পদক্ষেপ নেওয়া দরকার হবে কেন্দ্রীয় ব্যাংক তাই করবে,„ বিবিসি বাংলাকে বলেছেন কেন্দ্রীয় ব্যাংকের একজন মুখপাত্র।

ইসলামী ব্যাংক থেকে এসব বিষয়ে আনুষ্ঠানিক কোনো মন্তব্য পাওয়া যায়নি। একজন কর্মকর্তা শুধু বলেছেন, পরিচালনা পর্ষদ এমডিকে বাধ্যতামূলক ছুটিতে পাঠিয়েছে। তার জায়গায় অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক আলতাফ হোসেনকে চলতি দায়িত্ব দেওয়া হয়েছে।

**ব্যাংকটিতে এখন কী হচ্ছে**

রোববার 'সরকার ও বাংলাদেশ ব্যাংকের অনৈতিক হস্তক্ষেপ এবং ইসলামী ব্যাংক ধ্বংসের ষড়যন্ত্রের' প্রতিবাদে মানববন্ধন করেছে ইসলামী ব্যাংক গ্রাহক ফোরাম। তাদের অভিযোগ, 'একটি চক্র সরকার ও কেন্দ্রীয় ব্যাংককে ব্যবহার করে আবারও ইসলামী ব্যাংক দখলের পাঁয়তারা করছে'। এর আগে, ২০২৪ সালের আগস্টে আওয়ামী লীগ সরকারের পতনের পর ইসলামী ব্যাংক থেকে ১০ হাজার ৪৭৯ কোটি টাকা আত্মসাৎ ও বিদেশে পাচারের অভিযোগে এস আলম গ্রুপের চেয়ারম্যান মোহাম্মদ সাইফুল আলমসহ ৬৭ জনের বিরুদ্ধে ২০২৫ সালের মে মাসে মামলা করেছিল দুর্নীতি দমন কমিশন (দুদক)। দুদকের রিপোর্টে তখন বলা হয়েছিল, ২০১৭ সালে মি. আলমের মালিকানাধীন এস আলম গ্রুপ ইসলামী ব্যাংকটির নিয়ন্ত্রণ নেওয়ার পর থেকেই বিনিয়োগ কার্যক্রমে ব্যাপক অনিয়ম শুরু হয়। ব্যাংকটি ওই গ্রুপের নিয়ন্ত্রণে নেওয়ার আগে এটি যাদের দ্বারা পরিচালিত হয়ে আসছিল, তারা জামায়াতে ইসলামী সমর্থক হিসেবেই পরিচিত ছিলেন। তাদের তখন জোরপূর্বক পদত্যাগ করানোর অভিযোগ উঠেছিল। এই ঘটনা যখন ঘটে, তখনই ব্যাংকটিতে এস আলম গ্রুপের ঋণ ছিল প্রায় তিন হাজার কোটি টাকা। পরে ব্যাংকের নিয়ন্ত্রণ নিয়ে দ্রুততম সময়ের মধ্যেই ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তা পরিবর্তন করে নিজেদের লোকজনদের নিয়োগ দেয় তারা। এস আলম গ্রুপের নিয়ন্ত্রণে যাওয়ার পর সব মিলিয়ে সারা দেশে ব্যাংকটিতে প্রায় দশ হাজারের মতো কর্মকর্তা, কর্মচারী নিয়োগ দিয়েছিল বলে পরে অন্তর্বর্তী সরকারের সময়ে জানানো হয়েছিল।

এছাড়া, বিভিন্ন সময়ে নামে-বেনামে ব্যাংকটি থেকে বিপুল পরিমাণ অর্থ সরিয়ে নেওয়ার অভিযোগ ওঠে। আওয়ামী লীগ সরকারের সময়েই এক পর্যায়ে ব্যাংকটিতে তারল্য সংকট দেখা দেয়। ২০২৩ সালের ডিসেম্বরেই গবেষণা সংস্থা সিপিডি এক সংবাদ সম্মেলনে জানিয়েছিল যে, ২০২২ সালে ইসলামী ব্যাংকে প্রায় ৩০ হাজার কোটি টাকার ঋণ অনিয়মের ঘটনা ঘটে, যার সঙ্গে চট্টগ্রামভিত্তিক এস আলম গ্রুপের সংশ্লিষ্টতা রয়েছে। অন্তর্বর্তী সরকারের সময়ে, কেন্দ্রীয় ব্যাংক এই গ্রুপটির পক্ষ থেকে বিভিন্ন উপায়ে ব্যাংকটি থেকে প্রায় ৯১ হাজার কোটি টাকা বের করে নেওয়ার তথ্য পাওয়ার কথা বলা হয়েছিল। আওয়ামী লীগ সরকারের পতনের সময়েও ব্যাংকটির চেয়ারম্যান ছিলেন ব্যবসায়ী এস আলমের ছেলে আহসানুল আলম। ওই সরকারের পতনের পর পুরোনো কর্মকর্তারা ব্যাংকটিকে 'এস আলম মুক্ত' করার দাবিতে আন্দোলন শুরু করলে, এ নিয়ে দুই গ্রুপের মধ্যে গোলাগুলির ঘটনাও ঘটে। আওয়ামী লীগ সরকারের পতনের পর পাঁচজন স্বাধীন পরিচালক নিয়ে ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদ পুনর্গঠন করে কেন্দ্রীয় ব্যাংক। তখন অধ্যাপক মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকারের ব্যাংকটিতে আবার 'জামায়াতে ইসলামী সমর্থকদের' কর্তৃত্ব ফিরে আসার ঘটনা রাজনৈতিক অঙ্গনেও আলোচনার জন্ম দিয়েছিল। এমনকি, ২০২৪ সালের ৭ আগস্ট জামায়াতের একটি প্রতিনিধি দল ব্যাংকটির তখনকার ব্যবস্থাপনা পরিচালক মনিরুল মাওলার সঙ্গে সাক্ষাৎ করে ব্যাংকটিকে আগের পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য প্রক্রিয়া শুরু করার পরামর্শ দেন। এরপর ২০২৪ সালের সেপ্টেম্বরে ওমর ফারুক খান ইসলামী ব্যাংকে অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক (এএমডি) হিসেবে যোগ দেন। পরে কর্মকর্তা কর্মচারীদের একাংশ এমডি মুহাম্মদ মনিরুল মওলাকে ওই বছরের ডিসেম্বরে অফিস ছাড়তে বাধ্য করেন। তখন থেকে মি. খান এমডির চলতি দায়িত্ব পালন শুরু করেন। ২০২৪ সালের ২৯ ডিসেম্বর নীলফামারীর সৈয়দপুরে এক অনুষ্ঠানে জামায়াতে ইসলামী আমির ডা. শফিকুর রহমান বলেছিলেন, "জামায়াতে ইসলামী ব্যাংক দখল করেনি। বরং এটি তার মায়ের কোলে ফিরে এসেছে।„

অন্তর্বর্তী সরকারের সময়ে ২০২৫ সালের ৪ আগস্ট ওমর ফারুক খানকে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োগ দেয় ব্যাংকটির পরিচালনা পর্ষদ। এর মধ্যে ২০২৫ সালের মে মাসে 'সরকার ও বাংলাদেশ ব্যাংক মিলে ইসলামি ধারাসহ যে-কোনো তফশিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে সাময়িকভাবে সরকারি মালিকানায় নিতে পারবে'- এমন ধারা যুক্ত করে ব্যাংক রেজল্যুশন অধ্যাদেশ, ২০২৫ জারি করে। এতে সুনির্দিষ্ট কারণ দেখিয়ে দুর্বল যে-কোনো ব্যাংকে অস্থায়ী প্রশাসক নিয়োগের সুযোগ রাখা হয়। অন্তর্বর্তী সরকারের দুই বছরে ইসলামী ব্যাংকে এস আলম আমলে নিয়োগ পাওয়াদের মধ্যে প্রায় ৫ হাজার কর্মকর্তা কর্মচারীকে চাকরিচ্যুতসহ বিপুল পরিমাণ অনাদায়ি ঋণ আদায়ের সাফল্যের দাবি করা হয়েছিল। তবে, চলতি বছর ফেব্রুয়ারির নির্বাচনের মাধ্যমে বিএনপি ক্ষমতায় আসার ইসলামী ব্যাংক ইস্যুটি আবার আলোচনায় আসে। নির্বাচনের এক মাস পর গত ১৬ মার্চ ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক মো. আবদুল জলিলকে অপসারণ করে বাংলাদেশ ব্যাংক। আওয়ামী লীগ সরকারের পতনের পর তিনি পুনর্গঠিত পর্ষদের সদস্য হয়েছিলেন। তিনি ইসলামী ব্যাংকেরই একজন সাবেক কর্মকর্তা। এরপরই ব্যাংকটির এমডিকে সরিয়ে দেওয়ার আলোচনা ছড়িয়ে পড়ে ব্যাংকটির ভেতরে বাইরে। এ নিয়ে অস্থিরতার মধ্যেই এমডি মো. ওমর ফারুক খান ১৫ দিনের শ্রান্তি ও বিনোদন ছুটি চেয়ে আবেদন করলেও, ব্যাংকের পরিচালনা পর্ষদ তাঁকে ৪৯ দিন ছুটি দিয়েছে। আজ সোমবার থেকেই তার এ ছুটি কার্যকর হয়েছে।

সাধারণত কোনো ব্যাংকের এমডিকে পরিচালনা পর্ষদ এমন অস্বাভাবিক ছুটি দেওয়ার পর তিনি আবার স্বপদে ফিরে আসতে পারার নজির খুব একটা নেই। কিন্তু কেন তাকে লম্বা সময়ের জন্য ছুটিতে পাঠানো হলো তার কোনো ব্যাখ্যা ব্যাংক কর্তৃপক্ষ থেকে পাওয়া যায়নি। ফলে তাকে ছুটির নামে জোরপূর্বক সরে যেতে বাধ্য করার অভিযোগও উঠেছে। যদিও বাংলাদেশ ব্যাংকে মুখপাত্র শাহরিয়ার সিদ্দিক বলছেন, তারা এমন কোনো অভিযোগ পাননি। "এমন কিছু এখনো আমাদের জানা নেই। বাংলাদেশ ব্যাংক বিষয়গুলো পর্যবেক্ষণে আছে। সিনিয়র ম্যানেজমেন্ট এগুলো দেখছেন,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

**অধ্যাদেশ থেকে আইন ও রাজনীতি**

চলতি বছরের শুরুতে ইসলামী ব্যাংক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছিল, ব্যাংকটির মোট আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ১ লাখ ৮৩ হাজার কোটি টাকায়। এক বছরেই উপ-শাখাগুলোর আমানত বেড়েছে ৩ হাজার ৭০০ কোটি টাকা। এ সময়ে এই ব্যাংকের মাধ্যমে রেমিট্যান্স এসেছে ৭৬ হাজার কোটি টাকা। এক বছরে ইসলামী ব্যাংকের গ্রাহক সংখ্যা ৫০ লাখ বেড়ে ৩ কোটিতে উন্নীত হয়েছে বলে ওই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছিল। ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনার সাথে কয়েকজন কর্মকর্তার সাথে আলোচনা করে এই ধারণা পাওয়া গেছে যে, অন্তর্বর্তী সরকারের সময়ে ব্যাংকটিতে জামায়াতে ইসলামীর যে কর্তৃত্ব ফিরে এসেছিল, সেটি তারা ধরে রাখতে চাইছে। আবার ব্যাংকের যারা বিএনপির সঙ্গে জড়িত, তারা সেই সুযোগ দিতে রাজি নন এবং সে কারণেই এমডিকে সরে যেতে চাপ দেওয়ার কথা শোনা যাচ্ছিল বলে মনে করছেন তারা। "এখন হয়ত এর প্রভাব পর্যবেক্ষণ করে ক্রমান্বয়ে আরও পরিবর্তন আনা হবে,„ বিবিসি বাংলাকে বলেছেন একজন কর্মকর্তা। ওদিকে অন্তর্বর্তী সরকারের সময়ে যেই ব্যাংক রেজল্যুশন অধ্যাদেশ-২০২৫ করা হয়েছিল, সেটিকে সংশোধনীসহ ব্যাংক রেজুলেশন আইন ২০২৬ হিসেবে সংসদে পাস করেছে বিএনপি সরকার। এ আইন পাস হওয়ার পর ব্যাংকে পুরনো মালিকরা আবার ফিরে আসার সুযোগ তৈরি হয়েছে বলে অনেকে অভিযোগ করছেন।

নতুন পাস হওয়া বিলের ১৮(ক) ধারায় বলা হয়েছে, আপাতত বলবৎ অন্য কোনো আইন কিংবা এ আইনের অন্যান্য বিধানে যা কিছু থাকুক না কেন, ব্যাংক রেজল্যুশন অধ্যাদেশ ২০২৫-এর আওতায় তালিকাভুক্ত হওয়ার আগের শেয়ার ধারক অথবা শেয়ার ধারকরা অথবা বাংলাদেশ ব্যাংক উপযুক্ত বিবেচিত ব্যক্তি ওই ব্যাংকের শেয়ার, সম্পদ-দায় পুনঃধারণ বা ধারণ করার জন্য রেজল্যুশন কর্তৃপক্ষ হিসেবে বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন করতে পারবে। তবে শেয়ার পুনঃধারণের আবেদন করার ক্ষেত্রে একটি পৃথক অঙ্গীকারনামা দিতে হবে। ইসলামী ব্যাংকের ৮২ শতাংশ শেয়ারের মালিক এস আলম গ্রুপ, যা বাংলাদেশ ব্যাংক জব্দ করে রেখেছে। এখন নতুন আইন অনুযায়ী, তার আবেদনের প্রেক্ষিতে সেই শেয়ার জব্দের আদেশ প্রত্যাহার হলেই এস আলম (ব্যবসায়ী সাইফুল আলম) স্বাভাবিকভাবে ব্যাংকের মালিকানায় ফিরে আসতে পারে বলছেন, ইসলামি ব্যাংকিং বিষয়ক বিশেষজ্ঞ অর্থনীতিবিদ ড. মো. মিজানুর রহমান। তিনি সেন্টার ফর স্ট্রাটেজিক অ্যান্ড ডিস স্টাডিজের নির্বাহী পরিচালক। "সরকার পাস হওয়া আইন এমন বিধান রেখেছে, যাতে করে ইসলামী ব্যাংকগুলো পুরোনো মালিকানায় চলে যাওয়ার সুযোগ পাবে। অন্তর্বর্তী সরকার ব্যাংক খাতে যে পুনর্গঠনের চেষ্টা করেছিল, সেটা এখন ঝুঁকির মুখে পড়বে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

অন্তর্বর্তী সরকারের সময়ে দেশের পাঁচটি দুর্বল ব্যাংক একীভূত করে গঠিত 'সম্মিলিত ইসলামী ব্যাংক'-এর চেয়ারম্যান করা হয়েছিল সাবেক সচিব সাবেক সচিব ড. মোহাম্মদ আইয়ুব মিয়া। গত মাসে ওই পদ থেকে পদত্যাগ করেছেন। বিবিসি বাংলাকে তিনি বলছেন, ইসলামি ব্যাংকে যা হচ্ছে সেখানে স্বচ্ছতা দেখা যাচ্ছে না বরং পরিস্থিতির সুযোগে

আগের মালিকরা ফিরে আসার পথ খুঁজছে। "দেশের ৩০ শতাংশ রেমিট্যান্স আসে এই ব্যাংকের মাধ্যমে। সেখানে যাই করা হোক, স্বচ্ছতার সাথে করা উচিত। মানুষের মধ্যে সন্দেহ সৃষ্টি হয়েছে যে, আগের মালিকদের ফিরিয়ে আনা হচ্ছে কিনা সেই সন্দেহ। সরকারের উচিত, এ বিষয়ে স্বচ্ছতা নিশ্চিত করা,, বলছিলেন তিনি। ইসলামী ব্যাংক নিয়ে তৈরি হওয়া এসব উদ্বেগ বাংলাদেশ ব্যাংক বিবেচনায় নিচ্ছে কি-না এমন এক প্রশ্নের জবাবে কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র শাহরিয়ার সিদ্দিকী বলছেন, "আমানতকারী স্বার্থের পরিপন্থি কোনো কিছু হলে কিংবা আর্থিক খাতের স্থিতিশীলতার প্রয়োজনে কেন্দ্রীয় ব্যাংক যেই পদক্ষেপ নেওয়ার দরকার, সেটাই গ্রহণ করবে।,,

(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৪.২০২৬ আলী আহমেদ)

## কৃষক কার্ড কারা পাবেন-কোথায়, কবে দেওয়া হবে?

নির্বাচনি প্রতিশ্রুতি বাস্তবায়নের অংশ হিসেবে ক্ষমতা গ্রহণের দুই মাসের মাথায় বাংলাদেশে 'কৃষক কার্ড' চালু করতে যাচ্ছে বিএনপি সরকার। এই কার্ডের মাধ্যমে কৃষকরা ন্যায্যমূল্যে বীজ, সার, কীটনাশকসহ প্রয়োজনীয় কৃষি উপকরণ ক্রয়, ফসল বিক্রি, সহজ শর্তে কৃষিঋণ, বিমাসহ আরও বেশকিছু সুবিধা পাবেন বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশীদ। দরিদ্র কৃষকদের এই কার্ডের মাধ্যমে বছরে একটি নির্দিষ্ট অঙ্কের আর্থিক সহায়তা দেওয়া হবে বলেও জানানো হয়েছে। মঙ্গলবার বাংলা নতুন বছরের প্রথমদিন টাঙ্গাইলে আনুষ্ঠানিকভাবে এই কর্মসূচির উদ্‌বোধন করার কথা রয়েছে প্রধানমন্ত্রী তারেক রহমানের। প্রাথমিকভাবে ১০টি জেলার ২২ হাজার কৃষকের মাঝে কার্ড বিতরণ করা হবে। পরবর্তীতে ধাপে ধাপে এটি সারা দেশের সকল কৃষকের হাতে পৌঁছে দেওয়া হবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশীদ। কার্ডের নামে 'কৃষক' শব্দটি থাকলেও, এটি কেবল ভূমি চাষীদের মধ্যেই সীমাবদ্ধ থাকছে না বলে জানিয়েছেন কর্মকর্তারা। ঠিক কারা কারা পাবেন এই কার্ড? এটি তাদের কতটা কাজে আসবে?

### দেড় কোটির বেশি কার্ড

সরকারি তথ্যমতে, বর্তমানে বাংলাদেশে কৃষক পরিবারের সংখ্যা এক কোটি ৬৫ লাখ। এসব কৃষকদেরকে 'ভূমিহীন, প্রান্তিক, ক্ষুদ্র, মাঝারি এবং বড়ো কৃষক'- এই পাঁচটি শ্রেণিতে ভাগ করে কার্ড দেওয়া হবে বলে জানিয়েছেন কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তারা। এর মধ্যে পাঁচ শতকের কম জমি রয়েছে যাদের, তাদেরকে ফেলা হচ্ছে ভূমিহীন ক্যাটাগরিতে। পাঁচ থেকে ৪৯ শতক জমির মালিক যে-সব কৃষক, তারা পড়ছেন প্রান্তিক শ্রেণিতে। এর বাইরে, কৃষকদের মধ্যে যারা ৫০ থেকে ২৪৯ শতক জমির মালিক, তারা ক্ষুদ্র এবং যারা ২৫০ থেকে ৭৪৯ শতকের মালিক, তারা মাঝারি কৃষকের শ্রেণিতে পড়ছেন। অন্যদিকে, যাদের জমির পরিমাণ ৭৫০ শতকের বেশি, তাদেরকে বড়ো কৃষক হিসেবে বিবেচনা করা হচ্ছে। মঙ্গলবার প্রাথমিকভাবে দেশের ১০টি জেলায় ২২ হাজার ৬৫ জন কৃষকের মধ্যে কার্ড বিতরণ শুরু করতে যাচ্ছে সরকার। তাদের মধ্যে ২ হাজার ২৪৬ জনই ভূমিহীন বলে রোববার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে জানিয়েছেন কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশীদ। বাকিদের মধ্যে প্রায় ৯ হাজার ৪৫৮ জন প্রান্তিক কৃষক, ৮ হাজার ৯৬৭ জন ক্ষুদ্র কৃষক, ১ হাজার ৩০৩ জন মাঝারি কৃষক এবং ৯১ জন বড়ো কৃষক রয়েছেন বলে কৃষি মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে।

### তালিকায় এগিয়ে ভূমি চাষিরা

পহেলা বৈশাখ যে ২২ হাজার ৬৫ জন কৃষকের মধ্যে কার্ড বিতরণ শুরু হচ্ছে, তাদের বেশিরভাগই ভূমি চাষি বলে জানা যাচ্ছে। কৃষি মন্ত্রণালয়ের তথ্যমতে, কার্ড পেতে যাওয়া ব্যক্তিদের মধ্যে ফসল উৎপাদনকারী কৃষকের সংখ্যা ২১ হাজার ১৪১ জন। তবে সংখ্যায় অল্প হলেও কার্ডধারীদের তালিকায় মৎস্যজীবী, প্রাণিসম্পদ খাতে নিয়োজিত খামারি এবং লবণ চাষীদেরও নাম রয়েছে। এর মধ্যে গরু-ছাগল ও হাঁস-মুরগি পালন এবং দুগ্ধ খামারির সংখ্যা প্রায় ৮৫৫ জন। এছাড়া কার্ড পেতে যাওয়া ব্যক্তিদের মধ্যে ৬৬ জন মৎস্যজীবী এবং তিনজন লবণ চাষি রয়েছেন বলে জানিয়েছেন কর্মকর্তারা।

### বাস্তবায়ন হবে তিন ধাপে

কৃষক কার্ড প্রদান কর্মসূচিকে তিনটি ধাপে বাস্তবায়নের পরিকল্পনা করেছে সরকার। এর মধ্যে এখন চলছে প্রি-পাইলটিং বা প্রাক- পরীক্ষামূলক ধাপ। এর আওতায় দরিদ্র কৃষকের সংখ্যা বেশি এমন ১০টি জেলার ১১টি উপজেলা অন্তর্ভুক্ত রয়েছে বলে জানিয়েছেন কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তারা। জনপ্রশাসন ও জনপ্রতিনিধিদের সঙ্গে স্থানীয় কৃষি কর্মকর্তা ও কৃষক নেতারা সমন্বয় করে এলাকাগুলোতে কৃষকদের তালিকা হালনাগাদ করেছেন বলে জানিয়েছেন তারা। প্রি-পাইলটিং ধাপে ২২ হাজার কৃষকের মধ্যে কার্ড বিতরণ করা হবে। এই ধাপের কার্যক্রম শেষ হওয়ার পর আগামী আগস্ট মাসের মধ্যে শুরু হবে পাইলট বা পরীক্ষামূলক কার্যক্রম। কৃষকদের মধ্যে যে উদ্দেশ্যে কার্ড বিতরণ করা হয়েছে, সেটি ঠিকমতো কাজ করছে কি-না, তা পর্যবেক্ষণ করা হবে। "পাইলটিংয়ের অভিজ্ঞতার আলোকে (তৃতীয় ধাপে) আগামী চার বছরে সারা দেশে এই কার্ড বিতরণ ও ডাটাবেজ তৈরির কাজ পর্যায়ক্রমে সম্পন্ন করার পরিকল্পনা রয়েছে,, বলেন কৃষিমন্ত্রী মি. রশীদ।

**প্রথম ধাপে যে-সব এলাকা**

প্রি-পাইলটিং ধাপের কৃষকের তালিকা তৈরি শেষে কার্ড বিতরণ করা হবে ১০টি জেলার ১১টি উপজেলার ১১টি কৃষি ব্লকে। সেগুলোর একটি টাঙ্গাইল সদর উপজেলার সুরুজ ব্লক। মঙ্গলবার বাংলা নববর্ষের প্রথমদিন প্রধানমন্ত্রী তারেক রহমান টাঙ্গাইলের শহিদ মারুফ স্টেডিয়ামে আয়োজিত অনুষ্ঠানে কৃষকদের হাতে কার্ড তুলে দিয়ে কর্মসূচির আনুষ্ঠানিক উদ্‌বোধন করবেন। অন্য জেলাগুলোর কৃষি ব্লকের মধ্যে বগুড়ার শিবগঞ্জ উপজেলার উথলি ব্লক, পঞ্চগড় সদর উপজেলার কমলাপুর ও বোদা উপজেলার পাঁচপীর ব্লক, ঝিনাইদহের শৈলকূপা উপজেলার কৃপালপুর ব্লক, পিরোজপুরের নেছারাবাদ উপজেলার রাজাবাড়ি ব্লক এবং কক্সবাজারের টেকনাফ উপজেলার রাজারছড়া ব্লকে কার্ড বিতরণ করা হবে বলে জানিয়েছেন কর্মকর্তারা। এছাড়া রাজবাড়ির গোয়ালন্দ উপজেলার তেনাপচা ব্লক, মৌলভিবাজারের জুড়ী উপজেলার ফুলতলা ব্লক এবং জামালপুরের ইসলামপুর উপজেলার গাইবান্ধা ব্লকেও ১৪ই এপ্রিল কৃষক কার্ড বিতরণ শুরু হওয়ার কথা রয়েছে। তবে এদিন কার্ড দেওয়া হবে না কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলার অরণ্যপুর ব্লকে। এলাকাটিতে আগামী ১৭ এপ্রিল কৃষক কার্ড দেওয়া শুরু হবে বলে জানিয়েছেন কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তারা।

**কার্ড পেলে কী সুবিধা?**

সাধারণ কৃষকদের তুলনায় কার্ডধারী কৃষকরা বাড়তি কিছু সুবিধা পাবেন বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। সেগুলোর মধ্যে রয়েছে : ন্যায্যমূল্যে কৃষি উপকরণ, ন্যায্যমূল্যে সেচ প্রদানের সুবিধা, স্বল্পমূল্যে কৃষি যন্ত্রপাতি এবং সহজ শর্তে কৃষিঋণ প্রাপ্তি। এছাড়া মোবাইল ফোনে সহজে বাজারের তথ্য ও আবহাওয়ার পূর্বাভাস, ফসলের রোগ-বালাই দমনের পরামর্শ, কৃষি বিষয়ক প্রশিক্ষণ ও কৃষি বিমা সুবিধার পাওয়া যাবে। সেইসঙ্গে, সরকারের কাছে ন্যায্যমূল্যে কৃষিপণ্য বিক্রয়ের পাশাপাশি কৃষিতে সরকারি বিভিন্ন ভর্তুকি ও প্রণোদনার অর্থও কৃষকের জন্য পাওয়া সহজ হবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী। "কার্ডের মাধ্যমে কৃষকরা (সরকারি) প্রণোদনা ও সেবা নেবেন, সংশ্লিষ্ট ডিলারের সরবরাহ করা মেশিন ব্যবহার করে সার, বীজ, মৎস্য বা প্রাণিখাদ্যসহ বিভিন্ন কৃষি উপকরণ কিনতে পারবেন,„ বলেন কৃষিমন্ত্রী মি. রশীদ। এক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকায় বীজ বা সারের ব্যবসায়ী বা ডিলারের কাছে ডিজিটাল পয়েন্ট অব সেল (পিওএস) মেশিন রাখার ব্যবস্থা করবে সরকার, যাতে কার্ডের মাধ্যমে কৃষকরা সহজেই লেনদেন সম্পন্ন করতে পারেন।

**সবাই টাকা পাবেন?**

কার্ডের মাধ্যমে কৃষককে বছরে অন্তত আড়াই হাজার নগদ টাকা প্রদান করা হবে বলে জানিয়েছে সরকার। তবে কার্ডধারীদের সবাই এই সুবিধা পাবেন না। কেবল ভূমিহীন, প্রান্তিক এবং ক্ষুদ্র কৃষকরা এই সুবিধার আওতাধীন হবেন বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী। প্রাথমিকভাবে যে ২২ হাজার কৃষকের মধ্যে কার্ড বিতরণ করা হচ্ছে, তাদের মধ্যে ২০ হাজার ৬৭১ জনই ভূমিহীন, প্রান্তিক এবং ক্ষুদ্র কৃষক। ফলে তারা সবাই প্রতিবছর ওই টাকা পাবেন। কর্মকর্তারা বলছেন, সোনালী ব্যাংকের স্থানীয় পর্যায়ের শাখায় এসব কৃষকদের কার্ডের বিপরীতে একটি করে ব্যাংক হিসাব খোলা হয়েছে। ওই অ্যাকাউন্টে প্রতিবছর টাকা পাঠানো হবে। ফলে কার্ডটি আদতে একটি ব্যাংকিং ডেবিট কার্ড হিসেবে ব্যবহার হবে। কৃষকদের এই অর্থ সহায়তাসহ সব মিলিয়ে প্রাক-পাইলটিং পর্যায়ে ব্যয় করার জন্য প্রায় আট কোটি ৩৪ লাখ টাকা বাজেট নির্ধারণ করা হয়েছে।

**কাজে আসবে কতটা?**

চাষি ও খামারিদের সুবিধার কথা ভেবে সরকার নতুন যে বিশেষ কার্ড চালু করতে যাচ্ছে, সেটাকে স্বাগত জানিয়েছেন সাধারণ কৃষকরা। "কার্ডের মাধ্যমে যদি আমরা ন্যায্যমূল্যে সময়মতো সার-বীজ পাই বা সরকারের কাছে ধান বিক্রি করতে পারি, তাহলে তো সেটা অবশ্যই ভালো খবর,„ বলছিলেন কুমিল্লার কৃষক রহমত উল্লাহ। তবে এই উদ্যোগটি শেষ পর্যন্ত কতটা কাজে লাগবে, সেটি নিয়েও কারো কারো মধ্যে সংশয় লক্ষ্য করা যাচ্ছে। "উদ্যোগটা যদি বাস্তবে প্রতিফলন হয়, তাহলে অবশ্যই এই জিনিসটা কৃষকের জন্য সুবিধাজনক বা লাভজনক হইতে পারে। তবে এ বিষয়টা বাস্তবায়ন কতটুকু সম্ভব হবে তা জানি না,„ বিবিসি বাংলাকে বলেন মুন্সিগঞ্জের কৃষক নাহিদ খান। কৃষকদের এমন সংশয় প্রকাশের প্রধান কারণ অতীতের খারাপ অভিজ্ঞতা। বাংলাদেশে এর আগেও বিভিন্ন সময় কৃষক ও মৎস্যজীবীদের জন্য বিশেষ কার্ড চালু করার উদ্যোগ নিতে দেখা গেছে। এর মধ্যে ২০০৭ সালে কৃষকদের জন্য 'কৃষি উপকরণ সহায়তা কার্ড' চালু করেছিল তৎকালীন সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকার। পরবর্তীতে, আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এসে দশ টাকার কৃষকদের ব্যাংক হিসাব খোলা এবং জেলেদের জন্য আলাদা কার্ড চালুর উদ্যোগ নিয়েছিল। কিন্তু এগুলোর কোনোটাই পরবর্তীতে সেভাবে কাজে আসতে দেখা যায়নি বলে জানাচ্ছেন বিশেষজ্ঞরা। তারা বলছেন, আগের উদ্যোগগুলো ব্যর্থ হওয়ার অন্যতম বড়ো কারণ অনিয়ম-দুর্নীতি।

প্রযোজ্য ব্যক্তিদের বাদ দিয়ে অনেকক্ষেত্রে 'রাজনৈতিক বিবেচনায়' অন্য ব্যক্তিদেরকে তালিকায় রেখে সুবিধা দেওয়ার অভিযোগও উঠতে দেখা গেছে। "যাদের জন্য উদ্যোগটা নেওয়া হচ্ছে, তার সঙ্গে যদি আলাপ-আলোচনা না করা হয়

এবং তারা যদি সুফল না পায়, তাহলে স্বাভাবিকভাবেই সেটি কাজ করবে না,„ বিবিসি বাংলাকে বলেন গবেষক গওহার নঈম ওয়ারা। যদিও এবার তেমনটি ঘটবে না বলে আশ্বাস দিয়েছে সরকার। ”এই কৃষক কার্ড শতভাগ রাজনৈতিক মুক্ত। অতীতে যা হয়েছে, তা থেকে আমরা বেরিয়ে আসতে চাই,„ বলেন কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশীদ। (বিবিসি ওয়েব পেজ : ১৩.০৪.২০২৬ আলী আহমেদ)

## আজই ইরানের সব বন্দর অবরোধ করবে মার্কিন সামরিক বাহিনী

মার্কিন সামরিক বাহিনী বলেছে, সোমবার থেকে তারা ইরানি বন্দরগুলো অবরোধ করা শুরু করবে। তবে, হরমুজ প্রণালি দিয়ে অন্য দেশে যাতায়াতকারী জাহাজ চলাচলে তারা 'বাধা সৃষ্টি করবে না' বলে জানিয়েছে। তবে, ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ বলেছেন, ইরান হুমকির মুখে 'নতি স্বীকার করবে না'। মার্কিন সেন্ট্রাল কমান্ড জানিয়েছে যে, ইরানি বন্দরগুলোতে প্রবেশ ও বের হওয়ার ট্রাফিক অবরোধ সোমবার স্থানীয় সময় ১০টা, জিএমটি সময় দুপুর দুইটা, যা বাংলাদেশ সময় রাত ৮টা, থেকে শুরু হবে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, হরমুজ প্রণালি পুনরায় খুলে দিতে ইরানের 'ইচ্ছাকৃত ব্যর্থতার' জবাবে তিনি এই নির্দেশ দিয়েছেন। তিনি আরও সতর্ক করেছেন যে, মার্কিন নৌবাহিনী তাদের ওপর হামলাকারী যে-কোনো ইরানিকে 'উড়িয়ে দেবে' এবং ইরানকে ট্রানজিট টোল প্রদানকারী যে-কোনো জাহাজকে আটক করবে। এই উত্তেজনার ফলে তেলের দাম বেড়ে ১০০ ডলারের উপরে উঠেছে। পাকিস্তানে শান্তি আলোচনা ব্যর্থ হওয়ার পরই এই পরিস্থিতির সৃষ্টি হয়। মি. ট্রাম্প জানিয়েছেন যে, ইসলামাবাদে ইরানের সাথে সরাসরি আলোচনা ব্যর্থ হয়েছে কারণ 'ইরান তাদের পারমাণবিক উচ্চাকাঙ্ক্ষা ত্যাগ করতে অনিচ্ছুক'। ইরানের রেভল্যুশনারি গার্ড কোর জানিয়েছে যে, হরমুজ প্রণালির দিকে অগ্রসর হওয়া যে-কোনো সামরিক জাহাজকে বর্তমান যুদ্ধবিরতির লঙ্ঘন হিসেবে গণ্য করা হবে।(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## ইরানের বন্দর অবরোধের মার্কিন পরিকল্পনায় যোগ দেবে না ব্রিটেন

বিবিসি জানতে পেরেছে যে, হরমুজ প্রণালি ঘিরে ইরানের বন্দরগুলোতে মার্কিন নেতৃত্বাধীন সামরিক অবরোধে যুক্তরাজ্য অংশগ্রহণ করবে না। ব্রিটিশ নৌবাহিনীর জাহাজ এবং সৈন্যদের ইরানের বন্দর অবরোধ করার কাজে ব্যবহার করা হবে না। তবে ব্রিটিশ মাইন অপসারণকারী জাহাজ এবং ড্রোন-প্রতিরোধী ব্যবস্থা ওই অঞ্চলে তাদের কার্যক্রম অব্যাহত রাখবে। ব্রিটিশ সরকারের একজন মুখপাত্র জানিয়েছেন, ”আমরা নৌ চলাচলের স্বাধীনতা এবং হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার বিষয়টি সমর্থন করে যাচ্ছি, যা বিশ্ব অর্থনীতি এবং আমাদের দেশের জীবনযাত্রার ব্যয় সামাল দেওয়ার জন্য অত্যন্ত জরুরি।„ এর আগে, মার্কিন সামরিক বাহিনী বলেছে, সোমবার থেকে তারা ইরানি বন্দরগুলো অবরোধ করা শুরু করবে। তবে, হরমুজ প্রণালি দিয়ে অন্য দেশে যাতায়াতকারী জাহাজ চলাচলে তারা 'বাধা সৃষ্টি করবে না' বলে জানিয়েছে। তবে, ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ বলেছেন, ইরান হুমকির মুখে 'নতি স্বীকার করবে না'। গত সপ্তাহে পারস্য উপসাগরীয় কয়েকটি দেশে সফর শেষে আজ পরের দিকে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমারের সংবাদ সম্মেলন করার কথা রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি অবরোধের হুমকির জবাবে ইরানের প্রতিক্রিয়া

হরমুজ প্রণালি ঘিরে ইরানের বন্দরগুলো অবরোধ করার মার্কিন ঘোষণার প্রতিক্রিয়ায় ইরান বলেছে যে, তারা ' মার্কিন হুমকির মুখে নতি স্বীকার করবে না'। দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, পাকিস্তানে শান্তি আলোচনার সময় উভয়পক্ষই 'একটি সমঝোতার খুব কাছাকাছি' ছিল, কিন্তু আলোচনায় তেহরান 'সর্বোচ্চ চাপ, ক্রমাগত শর্ত পরিবর্তন এবং অবরোধের' সম্মুখীন হয়েছে। এদিকে, শান্তি-আলোচনার নেতৃত্বদানকারী ইরানের স্পীকার মোহাম্মদ বাঘের গালিবাফ মার্কিন অবরোধের ঘোষণার প্রতিক্রিয়া জানিয়ে এক্স (সাবেক টুইটার)-এ এক পোস্টে লিখেছেন, ”বর্তমান জ্বালানি তেলের দাম উপভোগ করে নিন। আপনাদের এই তথাকথিত 'অবরোধের' কারণে শীঘ্রই আপনারা চার বা পাঁচ ডলারের পেট্রোলের অভাব বোধ করবেন।„ এই পোস্টে তেলের দাম আরও বাড়ার ইঙ্গিত বোঝা যায়। মি. গালিবাফ এর আগেও বলেছিলেন যে, ইরান 'হুমকির চাপে আত্মসমর্পণ করবে না'। হরমুজ প্রণালিতে 'সমস্ত জাহাজ' অবরোধ করার বিষয়ে ডোনাল্ড ট্রাম্পের হুমকির জবাবে, ইরানের বিপ্লবী গার্ড আইআরজিসির নৌবাহিনী সতর্ক করে দিয়েছে যে, এই জলপথের কাছাকাছি আসা যে-কোনো সামরিক জাহাজের বিরুদ্ধে 'কঠোর ব্যবস্থা' নেওয়া হবে।
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## 'মার্কিন অবরোধের হুমকিতে বন্ধ হতে পারে ইরানের তেল বিক্রি'

হরমুজ প্রণালি ঘিরে ইরানের বন্দরগুলো অবরোধ করার যে ঘোষণা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দিয়েছেন, তার ফলে ইরান যুদ্ধে উত্তেজনা আরো বেড়েছে। কারণ, ট্রাম্পের ওই ঘোষণার ফলে এখন বিশ্ববাজারে বিশেষ করে মিত্র চীনের কাছে ইরানের তেল বিক্রি বন্ধ হয়ে যেতে পারে, যা যুদ্ধের পাশাপাশি ইরানকে আরো বড়ো অনিশ্চয়তার দিকে ঠেলে দিলে পারে, বলছেন প্রতিরক্ষা বিশ্লেষক জাস্টিন ক্রাম্প। পশ্চিমা অনেক বিশ্লেষক দীর্ঘদিন ধরেই ইরানকে চীনের

মিত্র হিসেবে উল্লেখ করে আসছেন। যুদ্ধের আগে ইরান থেকে সরবরাহ করা তেলের প্রধান ক্রেতা ছিল চীন। চীনের সাথে ইরানের সম্পর্ক বেশ ঘনিষ্ঠ ছিল। দুই দেশ ২০২১ সালে ২৫ বছরের একটি কৌশলগত অংশীদারিত্ব চুক্তি সই করে। চুক্তি অনুযায়ী, চীন ২৫ বছরে ইরানে প্রায় ৪০০ বিলিয়ন ডলার বিনিয়োগের প্রতিশ্রুতি দেয়, আর এর বিনিময়ে ইরান চীনকে নিয়মিত তেল সরবরাহ করবে। এ যুদ্ধ শুরুর পর থেকেই জাহাজ চলাচল এবং জ্বালানি উৎপাদনের ওপর বিরূপ প্রভাব পড়ায় বিশ্বজুড়ে জ্বালানির দাম বেড়েই চলেছে। মি. ক্রাম্প মনে করেন, ইরান এবং যুক্তরাষ্ট্র উভয়পক্ষই ভাবছে, তারা অন্য পক্ষের তুলনায় 'সুবিধাজনক' অবস্থানে রয়েছে এবং উভয়েই মনে করছে, তারা প্রতিপক্ষকে আলোচনায় বসতে বাধ্য করেছে। কিন্তু দুইপক্ষের এমন মনস্তাত্ত্বিক অবস্থানের কারণে যুদ্ধের পরিস্থিতিতে উত্তেজনা আরো বেড়েছে। তিনি বলছেন, ইসলামাবাদের আলোচনা থেকে কোনো সমঝোতা বা চুক্তিতে দুই পক্ষ পৌঁছাতে না পারলেও, সেখানে একটি 'ইতিবাচক' ব্যাপার ঘটেছে যে, দুই পক্ষ অনেক বিষয় নিয়ে দীর্ঘ সময় আলোচনা করেছে। মি. ক্রাম্প বলছেন, ট্রাম্পের ঘোষণায় স্পষ্ট বোঝা যায়, পাকিস্তানে হওয়া শান্তি আলোচনায় কোনো সমঝোতা না হওয়ায় তিনি কতটা 'ক্ষুব্ধ' হয়েছেন।(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## কড়া নজরদারির মাঝেও হরমুজ প্রণালিতে চার জাহাজ শনাক্ত

কড়া নজরদারির মাঝেও হরমুজ প্রণালিতে গত রাত থেকে চারটি জাহাজের চলাচল শনাক্ত করা হয়েছে। যুক্তরাষ্ট্রের সেন্টকম বাংলাদেশ সময় আজ সোমবার রাত ৮টা থেকে হরমুজ প্রণালি ঘিরে ইরানের বন্দরগুলো অবরোধ করার ঘোষণা দেওয়ার পর, বিবিসি ভেরিফাই হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল পর্যবেক্ষণ করছে। যুক্তরাষ্ট্রের ঘোষণা অনুযায়ী, উল্লিখিত সময়ের (গ্রিনিচ সময় দুপুর ২টা) পর থেকে, ইরানের বন্দরগুলোতে যে-সব নৌযান প্রবেশ করবে ও বের হবে, সেগুলোর ওপর কার্যকর করা হবে। যুক্তরাজ্যের সময় অনুযায়ী গত রাত ৯টা ৫২ মিনিটে সেন্টকম তাদের বিবৃতি দেওয়ার পর থেকে মেরিন ট্র্যাফিকের দেওয়া ট্র্যাকিং ডেটা বলছে যে, সেই থেকে চারটি জাহাজকে প্রণালিটি অতিক্রম করতে দেখা গেছে। সবগুলোই ট্যাঙ্কার হিসেবে শনাক্ত করা হয়েছে। এগুলো তেল, গ্যাস বা রাসায়নিক বহন করছে। তবে এসব জাহাজের সঙ্গে ইরানের কোনো সংযোগ পায়নি বিবিসি এবং এগুলোর কোনোটি ইরানের বন্দর থেকে এসেছে বা ইরানের কোনো বন্দরে যাচ্ছে, এরকম কোনো তথ্যও পাওয়া যায়নি। এছাড়া, জাহাজগুলোয় যে ধরনের তথ্য পাঠানো হয়েছে, এই প্রতিবেদন সেই তথ্যের ভিত্তিতেই লেখা হয়েছে। এই চারটি জাহাজের কোনোটিই তাদের গন্তব্য হিসেবে ইরানি বন্দরের নাম উল্লেখ করেনি।(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## সংগীতশিল্পী আশা ভোঁসলেকে শেষ বিদায়

কিংবদন্তি ভারতীয় সংগীতশিল্পী আশা ভোঁসলের শেষকৃত্য সম্পন্ন হচ্ছে সোমবার। মুম্বাইয়ের শিবাজী পার্কে তার শেষকৃত্য পালনের আগে, এই সংগীতশিল্পীকে শেষ বিদায় জানাতে, তার বাড়িতে বিদায় জানাতে উপস্থিত হন অগণিত মানুষ। তার আত্মীয়-পরিজন থেকে শুরু করে অনুরাগী, রাজনীতিবিদ, মুম্বাইয়ের সংগীত ও অভিনয় জগতের ব্যক্তিত্ব তাকে শ্রদ্ধাজ্ঞাপনের জন্য সমবেত হন। রাষ্ট্রীয় মর্যাদায় সম্মান জানানো হয় তাকে।
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## ট্রাম্পের ইরান অবরোধ বিষয়ক সিদ্ধান্তকে সমর্থন করবে ইসরায়েল : নেতানিয়াহু

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন, ইরানের বিরুদ্ধে নৌ অবরোধ আরোপের বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সিদ্ধান্তকে সমর্থন করবে ইসরায়েল। মি. নেতানিয়াহু এও জানান, পাকিস্তান থেকে ফেরার পর মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স তাকে ইরানের সঙ্গে হওয়া আলোচনার বিষয়ে অবহিত করেছেন। তবে সেই আলোচনা কোনো চূড়ান্ত সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়েছে। যুক্তরাষ্ট্রের সেন্টকম জানিয়েছে, মার্কিন প্রেসিডেন্টের নির্দেশে পারস্য উপসাগর ও ওমান সাগরে অবস্থিত ইরানের বন্দরগুলোর দিকে যাওয়া নৌযানের ওপর (বাংলাদেশ সময় আজ রাত ৮টা থেকে) অবরোধ কার্যকর করা হবে। এদিকে, ইরান বলছে, হরমুজ প্রণালির দিকে কোনো সামরিক জাহাজ অগ্রসর হলে সেটিকে তারা যুদ্ধবিরতি লঙ্ঘন হিসেবে বিবেচনা করবে।
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালিতে অবরোধ মানে বৈশ্বিক বাজারে ধাক্কা : সতর্কবার্তা রাশিয়ার

রাশিয়া সতর্ক করেছে, হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্র ইরানের বিরুদ্ধে যে অবরোধ আরোপ করতে যাচ্ছে, তা বৈশ্বিক বাজারে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। বিবিসির মার্কিন অংশীদার সিবিএস নিউজের এক খবরে বলা হয়েছে, ক্রেমলিনের মুখপাত্র দিমিত্রি পেসকভ সোমবার ডোনাল্ড ট্রাম্পের সিদ্ধান্তের বিরোধিতা করে এ কথা বলেন। মার্কিন প্রেসিডেন্ট ইরানের বন্দর ও উপকূলে যে অবরোধের ঘোষণা দিয়েছেন, সে বিষয়ে তিনি বলেছেন, "এ ধরনের পদক্ষেপ আন্তর্জাতিক বাজারে নেতিবাচক প্রভাব ফেলবে, এটি নিশ্চিতভাবে বলা যায়।„ তিনি সাংবাদিকদের আরও বলেন, "অনেক বিষয় এখনও অস্পষ্ট এবং বোঝা যাচ্ছে না। তাই, এ মুহূর্তে এ নিয়ে আর কোনো মন্তব্য করতে চাই না আমি।„ (বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি অবরোধ নিয়ে ট্রাম্প 'ব্লাফ' দিচ্ছেন : ইরানের নিরাপত্তা কর্মকর্তা

ইরানের পার্লামেন্টের জাতীয় নিরাপত্তা কমিশনের এক মুখপাত্র বলেছেন, হরমুজ প্রণালি অবরোধের বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হুমকি হলো "ফাঁকা বুলি,, যা বাস্তবতার সাথে মিলে না। এব্রাহিম রেজায়ই সতর্ক করে বলেন, পরিস্থিতি সামরিক দিকে মোড় নিলে তেহরান তার জবাব দেওয়ার জন্য প্রস্তুত। এক্সে দেওয়া এক পোস্টে তিনি বলেন, "এটা বর্তমান পরিস্থিতিকে আরও জটিল করে তুলবে এবং যে বাজার পরিস্থিতি নিয়ে তিনি (ট্রাম্প) ক্ষুব্ধ, তার এই সিদ্ধান্ত বাজার পরিস্থিতিকে আরও অস্থির করে তুলবে। আমরা সম্ভবত আমাদের হাতে থাকা এমন কিছু কৌশল প্রকাশ করবো এবার, যা এখনও এই খেলায় প্রয়োগ করা হয়নি।„ বিবিসির মার্কিন অংশীদার সিবিএস নিউজের প্রতিবেদনে এটি বলা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## ইরানের বন্দর ঘিরে অবরোধ কার্যকর শুরু হয়ে গেছে : ডোনাল্ড ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের বন্দরগুলো ঘিরে যুক্তরাষ্ট্রের অবরোধ কার্যকর শুরু হয়েছে। তিনি সতর্ক করে বলেছেন, ইরানের "হামলাকারী জাহাজ„ যদি যুক্তরাষ্ট্রের নৌ অবরোধের কাছাকাছি আসে, তাহলে সেগুলো "ধ্বংস করে দেওয়া হবে।„ ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে তিনি লিখেছেন, "ইরানের নৌবাহিনী সমুদ্রের তলানিতে পড়ে আছে, তাদের ১৫৮টি জাহাজ সম্পূর্ণ ধ্বংস। আমরা তাদের অল্প কিছু `ফাস্ট অ্যাটাক শিপে, আঘাত করিনি, কারণ আমরা সেগুলোকে তেমন হুমকি মনে করিনি।„ তিনি আরও বলেন, "সতর্কবার্তা : এই জাহাজগুলোর কোনোটি যদি আমাদের অবরোধের কাছাকাছি আসে, তাহলে ঠিক যেভাবে আমরা সমুদ্রে নৌকায় থাকা মাদক পাচারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিই, সেই একই পদ্ধতিতে সেগুলোকেও সঙ্গে সঙ্গে ধ্বংস করা হবে।„ বাংলাদেশ সময় আজ রাত ৮টা থেকে পারস্য উপসাগর ও ওমান উপসাগরে অবস্থিত ইরানের বন্দরগুলোর দিকে যাওয়া এবং সেগুলো থেকে বের হওয়া নৌযানের ওপর যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ কার্যকর করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ রনি)

## মার্কিন অবরোধ শুরুর পর হরমুজ থেকে ফিরে গেছে দুটো জাহাজ

মার্কিন যুক্তরাষ্ট্র হরমুজ প্রণালিতে অবরোধ শুরু করার পর আজ সোমবার অন্তত দুটি তেল বা রাসায়নিকবাহী ট্যাঙ্কার সেখান থেকে ফিরে গেছে। খবর বিবিসির মার্কিন অংশীদার সিবিএস নিউজের। সমুদ্রবিষয়ক তথ্য বিশ্লেষণকারী প্রতিষ্ঠান মেরিন ট্র্যাফিকের তথ্য অনুযায়ী, তেলবোঝাই জাহাজ রিচ স্ট্যারির গন্তব্য ছিল চীন। কিন্তু অবরোধ শুরু হওয়ার প্রায় ২০ মিনিট পর এটি হরমুজ প্রণালি থেকে ফিরে যায়। জাহাজটিতে পূর্ব আফ্রিকার দেশ মালাউইয়ের পতাকা ছিল। পাশাপাশি, আংশিক তেলবোঝাই চীনা তেল বা রাসায়নিকবাহী ট্যাঙ্কার অস্ট্রিয়াও হরমুজ প্রণালি থেকে ফিরে গেছে বলে জানিয়েছে মেরিন ট্র্যাফিক। জাহাজটি বতসোয়ানার পতাকা বহন করছিল।
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ রনি)

## যুক্তরাষ্ট্র-ইরান সংঘাত সমাধানে চেষ্টা চলছে : পাকিস্তানের প্রধানমন্ত্রী

পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ বলেছেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান উত্তেজনা নিরসনের জন্য এখনো চেষ্টা চালানো হচ্ছে। গত সপ্তাহের শেষে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে অনুষ্ঠিত যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা কোনো চুক্তিতে পৌঁছাতে পারেনি। সেই পরিপ্রেক্ষিতে তিনি এই মন্তব্য করেন। বার্তা সংস্থা এএফপি'র খবর অনুযায়ী, শাহবাজ শরিফ তার মন্ত্রীসভাকে বলেছেন, "যুদ্ধবিরতি এখনো বজায় আছে এবং বাকি বিষয়গুলো সমাধানে সর্বাত্মক চেষ্টা চলছে।„(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ রনি)

## যুক্তরাষ্ট্র ও ভ্যাটিকানের বিরোধ নিয়ে প্রতিক্রিয়া জানিয়েছেন ইরানের প্রেসিডেন্ট

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও পোপ লিও'র মধ্যে চলমান বিরোধ নিয়ে প্রতিক্রিয়া জানিয়েছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। তিনি মার্কিন নেতার মন্তব্যের নিন্দা করেছেন। তিনি সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে পোপ লিও'র উদ্দেশ্যে লিখেছেন, "হিজ হোলিনেস পোপ চতুর্দশ লুই, ইরানের পক্ষ থেকে আমি আপনার এই অপমানের নিন্দা জানাই। সেই সাথে ঘোষণা করছি, শান্তি ও ভ্রাতৃত্বের নবী যিশুর অবমাননা কোনো মুক্ত মানুষের কাছেই গ্রহণযোগ্য নয়। আমি দোয়া করি, আল্লাহ আপনার সম্মান সমৃদ্ধি আরো বাড়িয়ে দিক।„ এর আগে সোমবার, পোপ লিও ট্রাম্পের সমালোচনার জবাবে বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সাথে ইরানের যুদ্ধের বিষয়ে ভ্যাটিকান যে শান্তি ও সমঝোতার আহ্বান জানাচ্ছে, তা বাইবেলের শিক্ষা থেকেই এসেছে। বিবিসির মার্কিন অংশীদার সিবিএস নিউজের খবরে এটি বলা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ রনি)

# এনইচকে

## ইরানি বন্দরে জাহাজ প্রবেশ ও বহির্গমন বন্ধে মার্কিন সামরিক বাহিনীর অবরোধ

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের বন্দরে প্রবেশকারী বা বন্দর ত্যাগকারী জাহাজগুলোর ওপর অবরোধ আরোপের ঘোষণা দিয়েছেন। পাকিস্তানে অনুষ্ঠিত শান্তি আলোচনায় যুক্তরাষ্ট্র ও ইরান একটি চুক্তিতে পৌঁছাতে ব্যর্থ

হওয়ার পর, এই পদক্ষেপ নেওয়া হলো। ট্রাম্প রবিবার ঘোষণা করেছেন যে, মার্কিন নৌবাহিনী সোমবার মার্কিন যুক্তরাষ্ট্রের পূর্বাঞ্চলীয় সময় সকাল ১০টা থেকে অবরোধ শুরু করবে। "হরমুজ প্রণালির ব্যাপারে খুব ভালো কিছু ঘটছে„ উল্লেখ করে তিনি আরও বলেন যে, "ইরান যাতে তেল বিক্রি করতে না পারে, সেই লক্ষ্যে অন্যান্য দেশগুলো কাজ করছে।„ এই পদক্ষেপটি "খুবই কার্যকর„ হবে বলে ট্রাম্প আস্থাশীল। মার্কিন সেন্ট্রাল কমান্ড জানিয়েছে যে, পারস্য উপসাগর এবং ওমান উপসাগরে অবস্থিত ইরানের সকল বন্দরসহ দেশটির উপকূলীয় এলাকায় প্রবেশকারী বা সেখান থেকে প্রস্থানকারী সকল দেশের জাহাজের ওপর এই অবরোধ কার্যকর করা হবে। সেন্টকম আরও জানিয়েছে যে, ইরানি বন্দর ব্যতীত অন্যান্য বন্দরে যাতায়াতের উদ্দেশ্যে যে সকল জাহাজ এই প্রণালি অতিক্রম করবে, তাদের অবাধ নৌ-চলাচলের অধিকারে কোনো বাধা সৃষ্টি করা হবে না। মধ্যপ্রাচ্যে উত্তেজনা পুনরায় তীব্র হওয়ার আশঙ্কায় উদ্বেগ বাড়ছে। রবিবার ওয়াল স্ট্রিট জার্নাল জানিয়েছে যে, শান্তি আলোচনায় অচলাবস্থা দূর করার উপায় হিসেবে ট্রাম্প ও তার উপদেষ্টারা অবরোধের পাশাপাশি ইরানে সীমিত সামরিক হামলা পুনরায় শুরু করার বিষয়টি বিবেচনা করছেন। কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে জানানো হয়েছে যে, এই অঞ্চলকে আরও অস্থিতিশীল করার ঝুঁকি এবং ট্রাম্পের দীর্ঘমেয়াদি সামরিক সংঘাত এড়ানোর ইচ্ছার প্রেক্ষিতে একটি পূর্ণাঙ্গ বোমা হামলা চালানোর সম্ভাবনা কম। সহযোগীরা জানিয়েছেন যে, প্রেসিডেন্ট এখনও একটি কূটনৈতিক সমাধানের ব্যাপারে ইতিবাচক রয়েছেন।

(এনএইচকে ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ রবি)

## ডয়চে ভেলে

### মানবাধিকার কমিশনের সদস্যদের খোলা চিঠি এবং পদত্যাগ

জাতীয় মানবাধিকার কমিশন নিয়ে অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা অধ্যাদেশ বাতিল হওয়ায় পদত্যাগ করেছেন কমিশনের সদস্যরা। পদত্যাগের পর তারা একটি খোলা চিঠিও লিখেছেন বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো। বিদায়ি কমিশনের এক সদস্য নূর খান বলেছেন, সরকারের পক্ষ থেকে তাদের পদত্যাগের কথা বলা হয়নি। এক ধরনের ধোঁয়াশার মধ্যে রাখা হয়েছে। তিনি প্রথম আলোকে বলেন, যেহেতু তারা আগের অধ্যাদেশের পরই দায়িত্ব পেয়েছিলেন, এখন তা বহাল না হওয়ায় পদত্যাগ করাকেই সমীচীন মনে করেছেন। এদিকে, মানবাধিকার কমিশনের সচিব কুদরত-এ-ইলাহীও বলেছেন, অধ্যাদেশটি বাতিল হওয়ায় স্বয়ংক্রিয়ভাবেই আগের কমিশন আর নেই। তবে কমিশন সদস্যদের `খোলা চিঠি' তিনি পড়েননি বলে জানান। গত বৃহস্পতিবার (৯ এপ্রিল) জাতীয় সংসদে জাতীয় মানবাধিকার কমিশন (রহিতকরণ ও পুনঃপ্রচলন) বিল কণ্ঠভোটে পাস হয়। বিলটি অবিলম্বে কার্যকর হবে বলে বিলে উল্লেখ করা হয়েছে। এ ক্ষেত্রে রাষ্ট্রপতির অনুমোদন সাপেক্ষে গেজেট প্রকাশের সঙ্গে সঙ্গে এটি কার্যকর হবে। বিরোধী দলের আপত্তি নাকচ করে ওই অধ্যাদেশ বাতিল এবং আওয়ামী লীগ সরকারের আমলে ২০০৯ সালে করা `জাতীয় মানবাধিকার কমিশন আইন' আবার চালু করতে বিল পাস করে সংসদ।

চলতি বছরের ৫ ফেব্রুয়ারি অন্তর্বর্তী সরকারের ক্ষমতার একেবারে শেষ দিকে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগ দেওয়া হয়েছিল। কমিশনের চেয়ারপার্সন হিসেবে নিয়োগ পান হাইকোর্টের সাবেক বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী। বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে রাষ্ট্রপতি এ নিয়োগ দেন। কমিশনের সদস্য হিসেবে নিয়োগ পান অন্তর্বর্তী সরকারের সময় করা গুম কমিশনের সদস্য মো. নূর খান, নাবিলা ইদ্রিস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক মো. শরিফুল ইসলাম ও মানবাধিকার কর্মী ইলিরা দেওয়ান। ২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর, সেই সরকারের সময়ে গঠিত কমিশন টিকে ছিল নভেম্বর মাস পর্যন্ত। ৭ নভেম্বর সরকারের একটি গোয়েন্দা সংস্থার কয়েকজন কর্মকর্তা কারওয়ান বাজারে কমিশনের কার্যালয়ে যান। তারা দিনভর সেখানে থাকেন। সন্ধ্যার দিকে পদত্যাগ করেন তৎকালীন চেয়ারম্যান কামাল উদ্দিন আহমদ, সার্বক্ষণিক সদস্য মো. সেলিম রেজা এবং অন্য চার সদস্য বিশ্বজিৎ চন্দ, অধ্যাপক তানিয়া হক, আমিনুল ইসলাম ও কংজুরী চৌধুরী। আরেক সদস্য কাওসার আহমেদ আগেই পদত্যাগ করেছিলেন। কমিশনের একাধিক কর্মকর্তা তখন প্রথম আলোকে বলেছিলেন, জোর করেই এসব সদস্যকে পদত্যাগ করানো হয়। এরপর দীর্ঘদিন ধরে মানবাধিকার কমিশনের নিয়োগ বন্ধ রাখে তৎকালীন সরকার। এরপর জারি হয় জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ, ২০২৫। ওই বছরের ৩০ অক্টোবর উপদেষ্টা পরিষদে তা চূড়ান্ত অনুমোদন হয়। সেই অধ্যাদেশের আলোকেই চলতি বছরের ৫ ফেব্রুয়ারি সদ্য বিদায়ি সদস্যদের নিয়োগ দেওয়া হয়েছিল।

**কমিশনের খোলা চিঠি**

জাতীয় মানবাধিকার কমিশন নিয়ে অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা অধ্যাদেশ বাতিল হওয়ায়, ওই কমিশনের সদস্যরা পদত্যাগ করে খোলা চিঠিটি লিখেছেন। `সদ্য বিদায়ি জাতীয় মানবাধিকার কমিশনের কমিশনারদের খোলা চিঠি' শিরোনামে চিঠিটিতে `সংসদে উপস্থাপিত ভুল তথ্যের জবাব', `অধ্যাদেশগুলোর বিরুদ্ধে সরকারের প্রকৃত আপত্তিসমূহ' এবং `ভবিষ্যৎ আইনের গুণগত মান বিচারের প্রস্তাবনা`- এমন তিন উপ-শিরোনামে নিজেদের অবস্থান এবং অধ্যাদেশ রহিত হওয়ার বিষয়ে বিভিন্ন মতামত তুলে ধরা হয়। চিঠির শুরুতে বলা হয়, `সংশ্লিষ্ট অধ্যাদেশগুলো

সংসদে পাস না হওয়ায়, ভুক্তভোগীরা আমাদের বারবার প্রশ্ন করছেন, ”এখন আমাদের কী হবে?„ তাদের প্রতি দায়বদ্ধতা থেকেই এই খোলা চিঠি। তাদের প্রতি দায়বদ্ধতা থেকেই এই খোলা চিঠি। ”আমরা পাঁচজন সদ্য বিদায়ি মানবাধিকার কমিশনার। স্ব-স্ব ক্ষেত্রে আমাদের কর্মজীবন মানবাধিকার সুরক্ষায় নিবেদিত ছিল। এই দীর্ঘ অভিজ্ঞতার দরুন, ভুক্তভোগীদের বেদনা, আইন প্রয়োগকারীদের দৈনন্দিন প্রতিকূলতা এবং আইনাঙ্গনের জটিলতার সাথে আমরা সুপরিচিত। তাই কোনো প্রাতিষ্ঠানিক বা ব্যক্তিস্বার্থে নয়, ভুক্তভোগীদের প্রতি কর্তব্যবোধ থেকে আজ আমরা কলম হাতে নিয়েছি।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ রুবাইয়া)

## অবশেষে জামিনে কারামুক্ত বাউলশিল্পী আবুল সরকার

জামিনে কারামুক্ত হয়েছেন বাউলশিল্পী আবুল সরকার। আজ সোমবার বেলা সোয়া ১১টার দিকে গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় কারাগার পার্ট-২ থেকে তিনি মুক্তি পান বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো জানিয়েছে। ধর্ম অবমাননা ও কটূক্তির অভিযোগের মামলায় গ্রেফতার করা হয়েছিল তাকে। আবুল সরকারের মুক্তির বিষয়টি প্রথম আলোকে নিশ্চিত করেন কাশিমপুর কেন্দ্রীয় কারাগার পার্ট-২ এর জেল সুপার হালিমা খাতুন। এর আগে, ৫ এপ্রিল উচ্চ আদালত থেকে এই বাউলশিল্পীকে ছয় মাসের অন্তর্বর্তীকালীন জামিন দেওয়া হয়। কারা কর্তৃপক্ষের সূত্রে জানা গেছে, আবুল সরকারের জামিনের কাগজ গতকাল রোববার কাশিমপুর কারাগারে পৌঁছায়। জামিনের কাগজ যাচাই-বাছাই শেষে আজ বেলা সোয়া ১১টার দিকে তাকে মুক্তি দেওয়া হয়েছে। এ সময় কারাফটকে তার স্বজন ও ভক্তরা উপস্থিত ছিলেন। গত ৪ নভেম্বর মানিকগঞ্জের ঘিওর উপজেলার জাবরা এলাকায় খালা পাগলীর মেলায় পালাগানের আসরে বাউলশিল্পী আবুল সরকার ধর্ম অবমাননা ও আপত্তিকর মন্তব্য করেন বলে অভিযোগ ওঠে। তার মন্তব্যের ভিডিও চিত্র সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এ নিয়ে বিভিন্ন মহলে সমালোচনা হয়। এরপর মাদারীপুরে একটি গানের আসর থেকে ১৯ নভেম্বর রাতে আবুল সরকারকে আটক করে মানিকগঞ্জ ডিবি পুলিশের একটি দল। ২০ নভেম্বর সকালে তাকে জেলা ডিবির কার্যালয়ে আনা হয়। সেদিন ঘিওর বন্দর মসজিদের ইমাম মুফতি মো. আবদুল্লাহ বাদী হয়ে আবুল সরকারকে আসামি করে ঘিওর থানায় মামলা করেন। এতে ইসলাম ধর্মের বিশ্বাসের অবমাননা এবং ধর্মীয় অনুভূতিতে আঘাতের উদ্দেশ্যে কটূক্তি ও উসকানি দেওয়ার অভিযোগ আনা হয়। ওই মামলায় আবুল সরকারকে গ্রেফতার দেখিয়ে মানিকগঞ্জের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের মাধ্যমে ২০ নভেম্বর কারাগারে পাঠানো হয়। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ রুবাইয়া)

## পীর শামীম হত্যা; মামলা করবে না পরিবার

কুষ্টিয়ার দৌলতপুরে ধর্মীয় অনুভূতিতে আঘাতের অভিযোগ তুলে পীর আবদুর রহমান শামীমকে কুপিয়ে ও পিটিয়ে হত্যার ঘটনায় তার পরিবার কোনো মামলা করবে না বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার জানিয়েছে। আজ সোমবার সকালে নিহত শামীমের বড়ো ভাই ফজলুর রহমান দ্য ডেইলি স্টারকে বলেন, ”গতকাল রোববার বিকেলে দাফনের পর রাতে পরিবারের সদস্যরা বসেছিলাম। সেখানে পুলিশ কর্মকর্তাও ছিলেন। তারা মামলার জন্য বারবার বলেছেন। কিন্তু আমরা সবাই মিলে মামলা না করার সিদ্ধান্ত নিয়েছি। আমার বয়স হয়েছে। এসব নিয়ে দৌড়ঝাঁপ করার সামর্থ্য আর নেই।„ তবে এ ব্যাপারে জানতে চাইলে দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুর রহমান বলেন, ”তারা মামলা করবেন না- এমন কিছু শুনিনি। মামলার জন্য আজ তাদের থানায় আসার কথা।„ গত শনিবার দুপুরে দৌলতপুর উপজেলার ফিলিপনগরে দরবার শরিফেই পীর আবদুর রহমান শামীমকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করা হয়। এ সময় দরবার শরিফে ব্যাপক ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়। এদিকে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সূত্র জানিয়েছে, শামীম হত্যার মূল পরিকল্পনাকারীদের শনাক্ত করা হয়েছে। কয়েকটি ফেসবুক পেজ ও অ্যাকাউন্টের মাধ্যমে পরিকল্পিতভাবে পুরোনো কিছু ভিডিও ছড়িয়ে দিয়ে এই হামলা উসকে দেওয়া হয়েছিল। পুলিশের তদন্ত অনুযায়ী, প্রথম হামলায় প্রায় ৭০-৮০ জন অংশ নেয়, যাদের মধ্যে কয়েকজন বয়স্ক ব্যক্তিও ছিলেন। ভাঙচুরে সরাসরি অংশ নেন ৭-৮ জন। পরে দ্বিতীয় দফায় স্থানীয় একটি মাদ্রাসার কয়েকশ শিক্ষার্থী হামলায় যোগ দেয়। নাম প্রকাশ না করার শর্তে পুলিশের একজন উপ-পরিদর্শক (এসআই) বলেন, যে-সব আইডি থেকে ভিডিও ছড়ানো হয়েছে, সেগুলোর কয়েকটির অ্যাডমিনের পরিচয় শনাক্ত করা হয়েছে। এ ছাড়া হামলা ও ভাঙচুরের ঘটনায় জড়িত ১৫ থেকে ১৮ জনকে ভিডিও দেখে শনাক্ত করা হয়েছে। তবে পরিবারের পক্ষ থেকে মামলা না হলে আইনি প্রক্রিয়া কীভাবে এগোবে, সে বিষয়ে পুলিশ এখনো কিছু জানায়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ রুবাইয়া)

## দুই দশক পর বগুড়া যাচ্ছেন তারেক রহমান

বগুড়ার গাবতলী উপজেলার বাগবাড়ী গ্রামে জিয়াবাড়িতে পৈতৃক ভিটা বাংলাদেশের প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের। প্রায় দুই দশক পর নিজের গ্রামে যাবেন তিনি। জেলা প্রশাসক তৌফিকুর রোমান তার জেলা সফরটি নিশ্চিত করেছেন। ২০ এপ্রিল বগুড়া সফরে যাবেন প্রধানমন্ত্রী। ডিডাব্লিউয়ের কন্টেন্ট পার্টনার প্রথম আলো জানিয়েছে, প্রধানমন্ত্রী সেদিন বগুড়া আদালত প্রাঙ্গণ থেকে দেশের ১৫টি জেলায় একযোগে ই-বেইলবন্ড (অনলাইনে জামিননামা দাখিল) কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্‌বোধন করবেন। এছাড়াও, তার একাধিক কর্মসূচি আছে বলে জানানো

হয়েছে। ঢাকা-১৭ এর পাশাপাশি জাতীয় নির্বাচনে বগুড়া-৬-এও প্রার্থী হয়েছিলেন তারেক রহমান। দুটি আসনেই জিতলে তিনি বগুড়া ৬ আসনটি ছেড়ে দেন। উপ-নির্বাচনে সেই আসনটি জেতেন রেজাউল করিম বাদশা।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## পহেলা বৈশাখ আমাদের জাতিসত্তার ইতিহাসঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, পহেলা বৈশাখ আমাদের জাতিসত্তার ইতিহাস, সংস্কৃতি ও আত্মপরিচয়ের এক অনন্য প্রতীক। শতাব্দীর পর শতাব্দী ধরে এই দিনটি আমাদের জীবনে প্রতি বছর ফিরে আসে নতুনের আহ্বান নিয়ে। নতুন বছরের আগমনে পুরোনো জীর্ণতা ও গ্লানি পেছনে ফেলে সামনে এগিয়ে যাওয়ার প্রেরণা জোগায়। `পহেলা বৈশাখ বাংলা নববর্ষ, উপলক্ষ্যে দেয়া এক বাণীতে তিনি পহেলা বৈশাখ বাংলা নববর্ষের প্রথম দিন দেশবাসীসহ বিশ্বের সকল বাংলাভাষী মানুষকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বাংলা ১৪৩২ সালকে বিদায় জানিয়ে বাংলা নববর্ষ ১৪৩৩ কে স্বাগত জানান। প্রধানমন্ত্রী বলেন, `পহেলা বৈশাখের সঙ্গে আমাদের এ অঞ্চলের কৃষি, প্রকৃতি এবং কৃষিভিত্তিক অর্থনৈতিক কার্যক্রমের সম্পর্ক নিবিড়। বাংলার হাজার বছরের ঐতিহ্য, লোকজ সংস্কৃতি, কৃষ্টি ও মূল্যবোধের ধারাবাহিকতা পহেলা বৈশাখের মাধ্যমে নতুন করে উজ্জীবিত হয়।, তিনি বলেন, বৈশাখি মেলা, বৈশাখি শোভাযাত্রা, হালখাতার মতো ঐতিহ্যবাহী আয়োজন আমাদের সংস্কৃতির বহুমাত্রিক সৌন্দর্যকে তুলে ধরে এবং আমাদেরকে ঐক্যবোধে উজ্জীবিত করে। বাংলা নববর্ষ আমাদের সামনে এনেছে নতুন প্রত্যাশা ও নতুন সম্ভাবনা। প্রকৃতির নবজাগরণ আর মানুষের অন্তরের আশাবাদ মিলেমিশে সৃষ্টি করে এক প্রাণবন্ত উৎসবমুখর পরিবেশ।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

# জাগো নিউজ

## রমনার বটমূলে সুরের মূর্ছনায় নতুন বছরকে বরণ

বাংলা নববর্ষের প্রথমদিন পহেলা বৈশাখ। আজ দেশজুড়ে জমকালো উৎসব, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ঐতিহ্যবাহী উদ্দীপনার সঙ্গে বাংলা নববর্ষ ১৪৩২-এর প্রথম দিন পহেলা বৈশাখ উদযাপিত হচ্ছে। পুরোনো বছরের সব সংকীর্ণতা আর কূপমণ্ডুকতা পরিহার করে উদারনৈতিক জীবনব্যবস্থা গড়তে উদ্বুদ্ধ করার পাশাপাশি নতুন উদ্যমে বাঁচার অনুপ্রেরণা দেয় পহেলা বৈশাখ। বাঙালি সংস্কৃতিকে লালন করে ছায়ানটের আয়োজনে রাজধানীর রমনার বটমূলে চলছে বাঙালির সেই চিরায়ত নববর্ষ ১৪৩৩ বরণের অনুষ্ঠান। বৈশাখের এই প্রথম সকালে সুরের মূর্ছনায় নতুন বছরকে বরণ করে নিচ্ছেন সাংস্কৃতিক প্রতিষ্ঠানটির শিল্পীরা। সেখানে জীর্ণতা ঘুচিয়ে নতুনের আহ্বানে নববর্ষকে স্বাগত জানাচ্ছেন সব শ্রেণি-পেশার মানুষ।(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ আসাদ)

## নববর্ষ ঐক্য, সম্প্রীতি ও অসাম্প্রদায়িক চেতনার এক উজ্জ্বল দৃষ্টান্তঃ রাষ্ট্রপতি

পহেলা বৈশাখ ও বাংলা নববর্ষ ১৪৩৩ উপলক্ষ্যে দেশবাসীসহ বিশ্বের সব বাংলা ভাষাভাষী মানুষকে আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সোমবার (১৪ এপ্রিল) এক বাণীতে তিনি এ শুভেচ্ছা জানিয়ে বলেন, বাংলা নববর্ষ বাঙালির প্রাণের এক সর্বজনীন উৎসব। এটি জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে আমাদের ঐক্য, সম্প্রীতি ও অসাম্প্রদায়িক চেতনার এক উজ্জ্বল দৃষ্টান্ত। রাষ্ট্রপতি বলেন, বৈশাখ আমাদের গৌরবময় ঐতিহ্য ও সমৃদ্ধ সংস্কৃতির ধারক এবং অতীতের সব গ্লানি ও ব্যর্থতা পেছনে ফেলে নতুনের আহ্বানে এগিয়ে যাওয়ার প্রেরণা জোগায়। তিনি বাণীতে গণতান্ত্রিক অগ্রযাত্রার কথা উল্লেখ করে বলেন, একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে দেশে গণতন্ত্রের নতুন পথচলা শুরু হয়েছে। সরকার এরই মধ্যে বেশ কিছু জনকল্যাণমুখী ও দূরদর্শী কর্মসূচি গ্রহণ করেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

## ঢাকায় বৈশাখি শোভাযাত্রা ও মেলার আয়োজন করতে যাচ্ছে এনসিপি

বাংলা নতুন বছর বরণে ব্যাপক প্রস্তুতি নিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলের সংস্কৃতি সেলের উদ্যোগে `নাগরিক বর্ষবরণ ১৪৩৩, শীর্ষক আয়োজনে থাকবে বর্ণাঢ্য বৈশাখি শোভাযাত্রা এবং বাউল গান, নৃত্য, আবৃত্তি, লোকজ পরিবেশনাসহ নানা দেশীয় ঐতিহ্যে পরিপূর্ণ মেলা। এনসিপির সংস্কৃতি সেল সম্পাদক লুৎফর রহমান জানান, পহেলা বৈশাখের দিন মঙ্গলবার দুপুরের পরই মূল আয়োজন শুরু হবে। বিকেল ৩টায় বর্ণিল শোভাযাত্রায় অংশ নেবেন দলের নেতা-কর্মীরা। রাজধানীর বাংলামোটর থেকে শুরু করে শাহবাগ হয়ে এ শোভাযাত্রা বাংলামোটরে ফিরে আসবে। একই সময়ে সেখানকার নেভি গলিতে বসবে বৈশাখি মেলা। এ আয়োজনে থাকবে গান, নৃত্য ও বায়োস্কোপসহ বাঙালিয়ানার নানা অনুষঙ্গ। মুড়ি-মুড়কি ও জিলাপির আয়োজনও থাকছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

## নববর্ষ উদ্‌যাপনে কোনো ধরনের হুমকি নেই: র‍্যাব ডিজি

র‍্যাব মহাপরিচালক অতিরিক্ত আইজিপি মো. আহসান হাবীব পলাশ বলেছেন, বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপনকে কেন্দ্র করে সারা দেশে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। নিরাপত্তা ঝুঁকি না থাকলেও যে-কোনো ধরনের নাশকতামূলক হামলার মোকাবিলায় র‍্যাব স্পেশাল কমান্ডো ফোর্স প্রস্তুত রাখা হয়েছে। সোমবার রাজধানীর রমনা বটমূলে বাংলা নববর্ষ উৎসব উদ্‌যাপনে র‍্যাবের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন এবং দেশব্যাপী বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে র‍্যাবের নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে তিনি এসব কথা বলেন। র‍্যাব মহাপরিচালক বলেন, উৎসবমুখর পরিবেশে পহেলা বৈশাখ উদ্‌যাপন নিশ্চিত করতে সারা দেশে ১৫টি ব্যাটালিয়ন মোতায়েন থাকবে। তিনি বলেন, নববর্ষের অনুষ্ঠান শেষ না হওয়া পর্যন্ত র‍্যাব সদস্যরা নিজ নিজ দায়িত্বপূর্ণ এলাকায় সক্রিয়ভাবে দায়িত্ব পালন করবেন। এ উপলক্ষ্যে ১৮১টি পিকআপ পেট্রোল টিম, ১২৭টি মোটরসাইকেল পেট্রোল টিমসহ মোট ৩০৮টি টহল টিম মাঠে থাকবে। পাশাপাশি সাদা পোশাকে গোয়েন্দা নজরদারিও জোরদার করা হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলায় ব্যবসায়ীদের সঙ্গে বসলেন প্রধানমন্ত্রী

দেশের ব্যবসা ও বিনিয়োগ, পরিবেশ এবং চলমান অর্থনৈতিক চ্যালেঞ্জ নিয়ে বিভিন্ন খাতের ব্যবসায়ীদের সঙ্গে আবারও ধারাবাহিক বৈঠক করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বেলা ১১টা থেকে শুরু হয়ে তিন ধাপে এসব বৈঠক অনুষ্ঠিত হয়। মোট ১৫ জন ব্যবসায়ী প্রতিনিধি এতে অংশ নেন। বৈঠকে প্রধানমন্ত্রীর অর্থ, বাণিজ্য ও বিদ্যুৎ উপদেষ্টারাও অংশ নেন বলে জানা গেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সূত্রে জানা যায়, প্রথম ধাপের বৈঠক বেলা ১১টায় শুরু হয়। এতে অংশ নেন- স্কয়ার ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা পারভেজ সাইফুল ইসলাম, ট্রান্সকম গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা সিমিন রহমান, ট্রান্সকম লিমিটেডের করপোরেট ফাইন্যান্স পরিচালক আব্দুল্লাহ আল মামুন, কাজী ফার্মস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক কাজী জাহেদুল হাসান, প্রতিষ্ঠানটির পরিচালক কাজী জাহিন হাসান, ব্র্যাক এন্টারপ্রাইজের ব্যবস্থাপনা পরিচালক তামারা হাসান আবেদ; এবং ব্র্যাকের সিড অ্যান্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজের অ্যাসোসিয়েট ডিরেক্টর আজিজুল হক। দ্বিতীয় ধাপের বৈঠক শুরু হয় দুপুর ১২টা ৩০ মিনিটে। এতে অংশ নেন- আকিজ ভেঞ্চার গ্রুপের চেয়ারম্যান এস কে শামীম উদ্দিন, আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেডের সিইও সাইয়েদ জহুরুল আলম, লাল তীর সিডস লিমিটেডের পরিচালক তাজওয়ার এম আওয়াল এবং প্যারাগন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মশিউর রহমান। তৃতীয় ধাপের বৈঠক শুরু হয় দুপুর ১টা ৩০ মিনিটে। এতে অংশ নেন- প্রাণ-আরএফএল গ্রুপের চেয়ারম্যান ও সিইও আহসান খান চৌধুরী; নাবিল গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও আমিনুল ইসলাম, টিকে গ্রুপের পরিচালক মোহাম্মদ মোস্তফা হায়দার এবং টিকে গ্রুপের পরিচালক তারিক আহমেদ।এর আগে গত ৪ এপ্রিল দেশের শীর্ষ ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী। সেখানে দেশের বিনিয়োগ পরিবেশ, শিল্প খাতের চ্যালেঞ্জ এবং জ্বালানি সংকট নিয়ে আলোচনা হয়। ওই বৈঠকে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী ও বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির উপস্থিত ছিলেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## বাংলাদেশ পুলিশকে আধুনিকায়নে ইইউর সহযোগিতা চাইলেন স্বরাষ্ট্রমন্ত্রী

ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) পুলিশের প্রশিক্ষণ, দক্ষতা ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে বাংলাদেশ পুলিশকে পুনর্গঠন ও আধুনিকায়নে সহযোগিতা চেয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সোমবার (১৩ এপ্রিল) বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত মাইকেল মিলার সাক্ষাতে এলে এ সহযোগিতা চান স্বরাষ্ট্রমন্ত্রী। সাক্ষাৎকালে উভয়পক্ষ পুলিশ সংস্কার, নিরাপত্তা খাতে সহযোগিতা, অভিবাসন ব্যবস্থাপনা, বিচার বিভাগের স্বাধীনতা, দুর্নীতি দমন কৌশল, বাণিজ্য সহযোগিতা ও পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সাক্ষাতের শুরুতে মন্ত্রী রাষ্ট্রদূতকে স্বাগত জানান। রাষ্ট্রদূত মাইকেল মিলার নতুন পোর্টফলিওতে দায়িত্ব নেওয়ার জন্য মন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

## বাজেটে ব্যবসায়ীদের ওপর খড়্গ নামবে না : বাণিজ্যমন্ত্রী

আসন্ন (২০২৬-২৭) অর্থবছরের বাজেটে দেশের ব্যবসায়ীদের ওপর কোনো খড়্গ নামবে না বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। সোমবার রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালে 'প্রাক-বাজেট আলোচনা ২০২৬-২৭ : বেসরকারি খাতের প্রত্যাশা, শীর্ষক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, চ্যানেল ২৪ ও দৈনিক সমকাল যৌথভাবে এই সভার আয়োজন করে। বাণিজ্যমন্ত্রী বলেন, "রাজস্ব শৃঙ্খলা আনতে আমাদের করের আওতা বাড়ানো দরকার। এই করের আওতা বাড়াতে আমরা ব্যক্তিশ্রেণির কর বাড়াচ্ছি না, বরং করদাতার সংখ্যা বাড়াচ্ছি। আমার বিশ্বাস, জাতীয় রাজস্ব বোর্ড ও অর্থ মন্ত্রণালয় এনিয়ে যে পরিকল্পনা ও কাজ

করছে, তার ইতিবাচক প্রতিফলন আগামী বাজেট ও পরবর্তী বছরে আপনারা দেখতে পাবেন। আপনাদের জন্য কোনো খড়্গ নামছে- এমন ধারণার ভিত্তি নেই।" তিনি বলেন, "আমার সিনিয়র সহকর্মী অর্থমন্ত্রীর ওপর পূর্ণ আস্থা আছে। তিনি ব্যবসাবান্ধব ব্যক্তি। তিনি অর্থনৈতিক ব্যবস্থাপনা বোঝেন। এই মৌলিক বিষয়টি না বোঝার কোনো কারণ নেই।„ তিনি আরও বলেন, "আমি বেসরকারি খাতকে বলব, আমাদের ওপর আস্থা রাখুন। আমরা একসঙ্গে কাজ করব এবং দেশকে আরও উচ্চতায় নিয়ে যাব।" (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকা করার প্রস্তাব ঢাকা চেম্বারের

ব্যক্তি শ্রেণির করমুক্ত আয়ের সীমা ৫ লাখ ও সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ডিসিসিআই। এছাড়া, নন-লিস্টেড কোম্পানির করহার লিস্টেড কোম্পানির মতো ২৫ শতাংশ ও পূর্ণাঙ্গ অটোমেটেড করপোরেট কর রিটার্ন পদ্ধতি চালু করাও প্রস্তাব দিয়েছে সংগঠনটি। সোমবার রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালে `প্রাক-বাজেট আলোচনা ২০২৬-২৭ : বেসরকারি খাতের প্রত্যাশা, শীর্ষক মতবিনিময় সভায় ডিসিসিআই এসব প্রস্তাব দেয়। ডিসিসিআই, চ্যানেল-২৪ ও দৈনিক সমকাল যৌথভাবে এই মতবিনিময় সভার আয়োজন করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## ঘুমন্ত ছেলেসহ ৩ জনকে কুপিয়ে ছাদ থেকে লাফিয়ে কনস্টেবলের মৃত্যু

লক্ষ্মীপুর পৌর শহরে ঘুমন্ত ছেলেসহ তিনজনকে কুপিয়ে আহত করার পর ভবনের ছাদ থেকে লাফিয়ে পড়ে নাসির আহমেদ (৫৫) নামে এক অবসরপ্রাপ্ত ট্রাফিক পুলিশ কনস্টেবলের মৃত্যু হয়েছে। সোমবার সকালে শহরের বাঞ্চানগর এলাকার পেশকার বাড়িতে এই ঘটনা ঘটে। আহতদের স্বজন ও স্থানীয়রা জানায়, নাসিরের স্ত্রী বড়ো ছেলেকে নিয়ে বেড়াতে যাওয়ায় বাসায় তিনি ও তার ছোটো ছেলে ইমরান আহমেদ ছিলেন। স্থানীয়দের দাবি, নাসির গত রাত থেকেই কিছুটা অসুস্থ ছিলেন। সকালে হঠাৎ তিনি দা দিয়ে ঘুমন্ত ইমরানকে এলোপাতাড়ি কোপাতে শুরু করেন। রক্তাক্ত অবস্থায় ইমরান ঘর থেকে পালানোর চেষ্টা করলে নাসির বিবস্ত্র অবস্থায় তার পেছনে ধাওয়া করেন। এ সময় প্রতিবেশী মিজানুর রহমান এগিয়ে এসে তাকে লুঙ্গি পরিয়ে দিতে গেলে নাসির তাকেও কুপিয়ে জখম করেন। তাদের বাঁচাতে একই বাড়ির ভাড়াটিয়া নাসির নামে আরও একজন এগিয়ে এলে, তাকেও কুপিয়ে আহত করেন সাবেক এই কনস্টেবল। এরপর তিনি দৌড়ে তিন তলার ছাদে গিয়ে সেখান থেকে নিচে লাফিয়ে পড়েন। গুরুতর আহত অবস্থায় ৪ জনকেই উদ্ধার করে লক্ষ্মীপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ঘটনার তিন ঘণ্টা পর কনস্টেবল নাসিরের মৃত্যু হয়। আহত স্বপন ও ইমরানকে আশঙ্কাজনক অবস্থায় উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। অন্য আহত নাসিরকে সদর হাসপাতালে ভর্তি রাখা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## চাঁপাইনবাবগঞ্জে হাম উপসর্গ নিয়ে একদিনে হাসপাতালে ভর্তি ৫০ শিশু

চাঁপাইনবাবগঞ্জের ২৫০ শয্যাবিশিষ্ট জেলা হাসপাতালে হামের উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় ৫০ শিশু ভর্তি হয়েছে। শনিবার রাত ১২টা থেকে রোববার রাত ১২টা পর্যন্ত সময়ে হাসপাতালে ভর্তি হয়েছে তারা। চলতি বছর এটিই একদিনে সর্বোচ্চ ভর্তি বলে জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। চাঁপাইনবাবগঞ্জে জানুয়ারি মাস থেকেই জেলায় হামের প্রাদুর্ভাব দেখা দেয়। এরপর থেকেই উপসর্গ নিয়ে হাসপাতালে রোগী ভর্তি শুরু হয়। তবে এর আগে একদিনে এত-সংখ্যক শিশু ভর্তি হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## আগামী সপ্তাহে চিকিৎসা ও ব্যবসায়িক ভিসা খুলতে সম্মত ভারত

বাংলাদেশিদের জন্য আগামী সপ্তাহে চিকিৎসা ও ব্যবসায়িক ভিসা খুলে দেওয়ার বিষয়ে ভারত সম্মত হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্র উপদেষ্টা হুমায়ুন কবির। সোমবার দুপুরে সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ শেষে তিনি এ তথ্য জানান। প্রধানমন্ত্রীর পররাষ্ট্র উপদেষ্টা বলেন, ভালো মাইন্ডসেট থাকলে দুই দেশের সম্পর্ক ইতিবাচকভাবে অনেক দূর এগিয়ে যাবে। দুই দেশের স্বার্থ সংশ্লিষ্ট বেশ কিছু সমস্যা নিয়ে ইতিবাচক আলোচনা হয়েছে। পাইপলাইনের ডিজেল দেওয়ার কারণে ভারতকে ধন্যবাদ জানানো হয়েছে। শেখ হাসিনাকে ফেরানো হবে কি না- এমন প্রশ্নে প্রধানমন্ত্রীর পররাষ্ট্র উপদেষ্টা বলেন, আইনি প্রক্রিয়ায় তাকে ফেরানোর বিষয়ে আলোচনা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## ওসি পদায়নে তদবিরের সুযোগ নেই, কঠোর বার্তা পুলিশের

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা ওসি পদায়নকে কেন্দ্র করে অনৈতিক তদবির ও প্রভাব বিস্তারের চেষ্টা না করতে সংশ্লিষ্ট সবাইকে আহ্বান জানিয়েছে ঢাকা রেঞ্জ। সোমবার পুলিশ সুপার শাহনাজ বেগম এ তথ্য জানান। তিনি বলেন, গত ১০ এপ্রিল প্রকাশিত পূর্ববর্তী বার্তায় স্পষ্ট করা হয়েছিল, কোনো থানার ওসি পদে পদায়নের পূর্ণ এখতিয়ার সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপারের ওপর ন্যস্ত। এক্ষেত্রে রেঞ্জ ডিআইজি কার্যালয়ের কোনো প্রশাসনিক ভূমিকা নেই। প্রশাসনিক কাঠামো অনুযায়ী, জেলার পুলিশ সুপাররা পেশাগত মূল্যায়ন, যোগ্যতা ও প্রশাসনিক প্রয়োজন বিবেচনায় ওসি পদায়ন করে

থাকেন। তবে বিষয়টি পরিষ্কার করার পরও কিছু ব্যক্তি ও মহল ঢাকা রেঞ্জের আওতাধীন বিভিন্ন থানায় ওসি পদায়নের বিষয়ে ঢাকা রেঞ্জ ডিআইজি রেজাউল করিম মল্লিকের কাছে অনৈতিক তদবির, অনুরোধ ও সুপারিশ করার চেষ্টা করছেন। এছাড়া, কিছু অসাধু ব্যক্তি ও দালালচক্র বিভিন্ন কর্মকর্তার নাম ব্যবহার করে বা প্রভাবের কথা বলে অনৈতিক প্রস্তাব দেওয়ার অপচেষ্টা চালাচ্ছেন বলেও উল্লেখ করা হয়। তদবির বা আর্থিক প্রলোভনের মাধ্যমে ওসি পদায়ন প্রভাবিত করার কোনো সুযোগ নেই। এ ধরনের কর্মকাণ্ড বাংলাদেশ পুলিশের প্রশাসনিক শৃঙ্খলার পরিপন্থি। এ ধরনের অনৈতিক তদবির থেকে বিরত থাকার এবং প্রশাসনিক প্রক্রিয়ার প্রতি শ্রদ্ধাশীল থাকার জন্য সংশ্লিষ্ট সবাইকে বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## হাম আক্রান্ত ও উপসর্গ নিয়ে আরও ৭ জনের মৃত্যু

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত ও হামের উপসর্গ নিয়ে আরও ৭ জন মারা গেছে। তাদের মধ্যে দুইজন হাম আক্রান্ত হয়েই মারা গেছে বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি পাঁচজনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এসব তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হাম ও হাম সন্দেহে ৭ জনের মৃত্যু হয়েছে। এছাড়া, ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৩০ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ১৫৬ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## মালয়েশিয়া যাওয়ার পথে সাগরে ট্রলার ডুবে নিখোঁজ ২৬৪

দালালদের মাধ্যমে অবৈধভাবে ট্রলারযোগে মালয়েশিয়া যাওয়ার পথে সাগরে ট্রলারডুবির ঘটনা ঘটেছে। এ ঘটনায় রোহিঙ্গাসহ ৯ জন উদ্ধার হলেও, বাকি আরও ২৬৪ জন নিখোঁজ রয়েছেন। তাদের মধ্যে টেকনাফ, উখিয়া ও কক্সবাজারের বিভিন্ন এলাকার মানুষ রয়েছে। এ ঘটনায় কক্সবাজারের টেকনাফে নিখোঁজদের স্বজনদের মধ্যে চলছে শোকের মাতম। স্বজনরা জানান, প্রিয়জনদের কোনো খোঁজ না পেয়ে তারা দিশাহারা হয়ে পড়েছেন। মোবাইল ফোনে বিভিন্ন সংবাদ মাধ্যমের খবর ও সামাজিক যোগাযোগমাধ্যমে আসা তথ্য দেখে তারা প্রতিনিয়ত অনিশ্চয়তার মধ্যে সময় কাটাচ্ছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## যুদ্ধের কারণে তেল ও সার কিনতে হচ্ছে দ্বিগুণ দামে : বাণিজ্যমন্ত্রী

মধ্যপ্রাচ্যের যুদ্ধের প্রভাবে দ্বিগুণ দামে জ্বালানি তেল ও সার কিনতে হচ্ছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তিনি বলেন, এলএনজি আমরা কিনতাম ১০ ডলারে আমাদের জিটুজি কন্ট্রাক্টে। স্পট থেকে সেটা কিনতে হচ্ছে ২০ ডলারে। যে ক্রুড অয়েল আমরা কিনতাম ৫০, ৫৫ বা ৬০ ডলারে, সেটা কিনতে হচ্ছে ১১৬ ডলারে। যে সার আমরা কিনতাম ৪৫৬ ডলারে, এখন তা কিনতে হচ্ছে প্রায় ৮০০ ডলারে। সোমবার রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালে `প্রাক-বাজেট আলোচনা ২০২৬-২৭ : বেসরকারি খাতের প্রত্যাশা, শীর্ষক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ডিসিসিআই, চ্যানেল-২৪ ও দৈনিক সমকাল যৌথভাবে এই মতবিনিময় সভার আয়োজন করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## এপ্রিলের ১২ দিনে এলো সাড়ে ১৭ হাজার কোটি টাকার প্রবাসী আয়

চলতি বছরের এপ্রিলেও রেমিট্যান্স প্রবাহের ইতিবাচক ধারা অব্যাহত রয়েছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্যে দেখা গেছে, এপ্রিল মাসের প্রথম ১২ দিনেই প্রবাসীরা দেশে পাঠিয়েছেন ১৪৩ কোটি ৭০ লাখ মার্কিন ডলার। বর্তমান বাজারদর অনুযায়ী যার পরিমাণ ১৭ হাজার ৫৩১ কোটি ৪০ লাখ টাকা। গত বছরের একই সময়ে এসেছিল ১০৫ কোটি ২০ লাখ ডলার। সে হিসেবে গত বছরের একই সময়ের চেয়ে চলতি মাসের প্রথম ১২ দিনে ৩৮ কোটি ৫০ লাখ ডলার বা ৪ হাজার ৬৯৭ কোটি টাকা বেশি এসেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## পররাষ্ট্রমন্ত্রীকে নববর্ষের শুভেচ্ছা জানালেন মার্কিন রাষ্ট্রদূত

পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে বৈঠক করেছেন ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন। এ সময় মন্ত্রীকে নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রদূত। সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে মন্ত্রীর দপ্তরে অনুষ্ঠিত এ বৈঠক প্রায় দেড় ঘণ্টা স্থায়ী হয়। বৈঠক শেষে মন্ত্রীর দপ্তর থেকে বের হয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বাংলাদেশের জনগণকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানান মার্কিন রাষ্ট্রদূত। মার্কিন রাষ্ট্রদূত বলেন, `আপনাদের শুভ নববর্ষ,। পাশাপাশি তিনি ইলিশ মাছ খেতে তার ভালো লাগার কথাও উল্লেখ করেন। তবে বৈঠকে কী বিষয়ে আলোচনা হয়েছে, সে বিষয়ে তাৎক্ষণিকভাবে কোনো তথ্য পাওয়া যায়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## অপতথ্য থেকে সুরক্ষা না দিতে পারলে সমাজ ভয়াবহ সমস্যায় পড়তে পারে : তথ্যমন্ত্রী

মানুষ অপতথ্যের হাত থেকে সুরক্ষার অধিকার চায় বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, অপতথ্য থেকে সুরক্ষা না দিতে পারলে সমাজ, রাজনীতি, অর্থনীতি ভয়াবহ সমস্যার মধ্যে পড়তে পারে।

সোমবার দুপুরে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে তিন দিনব্যাপী ব্রডব্যান্ড এক্সপো-২০২৬ এর উদ্‌বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ আসাদ)

## ঢাবির নতুন উপ-উপাচার্য অধ্যাপক আব্দুস সালাম

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপ-উপাচার্য (অ্যাকাডেমিক) পদে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. আব্দুস সালাম। আগামী চার বছরের জন্য তাকে নিয়োগ দেওয়া হয়েছে। সোমবার (১৩ এপ্রিল) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার উপ-সচিব এ এস এম কাসেমের সই করা প্রজ্ঞাপনে তাকে নিয়োগ দেওয়া হয়। রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্যের অনুমোদনক্রমে তাকে নিয়োগ দেওয়া হয়েছে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

## শিক্ষামন্ত্রীর পাশে বসে জানলেন, তিনি আর ভিসি নেই

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন আজ বিকেলে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (যবিপ্রবি) একটি সেমিনারে যোগ দেন। সেখানে তার পাশে বসেছিলেন বিশ্ববিদ্যালয়টির উপাচার্য (ভিসি) অধ্যাপক ড. মো. আব্দুল মজিদ। সেমিনারে ভিসি অধ্যাপক আব্দুল মজিদ যখন শিক্ষামন্ত্রীর পাশে বসেছিলেন, ঠিক তখনই শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি প্রজ্ঞাপন জারি করা হয়। তাতে যবিপ্রবির ভিসি পদ থেকে আব্দুল মজিদকে অব্যাহতি দেওয়ার তথ্য জানানো হয়। অর্থাৎ, মন্ত্রীর পাশে বসেই ভিসি পদ হারিয়েছেন অধ্যাপক আব্দুল মজিদ। বিষয়টি নিয়ে জানতে চাইলে সাংবাদিকরা যখন তাকে কল করেন, তখন তিনি বলেন, ”আমি এখন শিক্ষামন্ত্রীর সঙ্গে একটি প্রোগ্রামে আছি। অব্যাহতির খবর জানি না। আপনাদের কাছ থেকেই শুনলাম।„ (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

## কোম্পানির রিটার্ন দাখিলের সময় আরও এক মাস বাড়লো

কোম্পানি করদাতাদের কর জমার সময় আরও এক দফা বাড়িয়েছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। সোমবার (১৩ এপ্রিল) এক আদেশে কোম্পানির ক্ষেত্রে রিটার্ন জমার সময় ১৫ এপ্রিল থেকে বাড়িয়ে ১৫ মে পর্যন্ত করা হয়েছে। এর আগে, তিন দফা সময় বাড়িয়ে ১৫ ফেব্রুয়ারি, ১৫ মার্চ ও ১৫ এপ্রিল পর্যন্ত কোম্পানি করদাতারদের রিটার্ন জমার সময় নির্ধারিত করেছিল এনবিআর। এ নিয়ে চতুর্থ দফায় কোম্পানি রিটার্নের সময় বাড়ানো হলো।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

## আগামী বছর হজযাত্রীদের বিমান ভাড়া কমবে ২০ হাজার টাকা : প্রতিমন্ত্রী

আগামী বছর হজযাত্রীদের বিমান ভাড়া কমপক্ষে ২০ হাজার টাকা কমানো হবে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী এম রাশিদুজ্জামান মিল্লাত। সোমবার (১৩ এপ্রিল) রাজধানীর পল্টনের একটি হোটেলে বাংলাদেশে প্রথমবার নুসুক কার্ড বিতরণ কার্যক্রমের উদ্‌বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে এ কথা জানান প্রতিমন্ত্রী। এবার হজের অর্ধেক কাজ অন্তর্বর্তী সরকার করেছে জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, জেনে খুশি হবেন যে, এবারই আমরা অন্ততপক্ষে কিছু টাকা হলেও কমাতে পেরেছি। হাবের (হজ এজেন্সিস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ) মহাসচিব বলেছেন যে, এবার যদি অন্য সরকার থাকতো, হয়ত ২ লাখ টাকা টিকিট (হজের বিমান ভাড়া) হতো। এবার হজের বিমান ভাড়া ১ লাখ ৫৪ হাজার টাকা। আমরা বিমান ভাড়া ১২ হাজার টাকা কমাতে সক্ষম হয়েছি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

## ব্যাংক রেজুলেশন আইনে লুটেরাদের পুনর্বাসনের সুযোগ দেওয়া আত্মঘাতীমূলক: টিআইবি

ব্যাংক রেজুলেশন আইন নিয়ে দেশের আর্থিক খাতে ব্যাপক আলোচনা-সমালোচনার মধ্যেই এ আইনের কঠোর সমালোচনা করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সংস্থাটি মনে করছে, ব্যাংক রেজুলেশন আইনে একীভূত হওয়া দুর্বল ব্যাংকের পুরোনো শেয়ারধারীদের আবারও ব্যাংকের মালিকানায় ফেরার সুযোগ রেখে সরকার চিহ্নিত লুটেরাদের পুনর্বাসনের উদ্যোগ দিয়েছে। এর ফলে ব্যাংকিং খাত আবারও দুর্নীতি ও লুটপাটের অভয়ারণ্যে পরিণত হবে, যা আত্মঘাতীমূলক। সোমবার (১৩ এপ্রিল) এক সংবাদ বিবৃতিতে এসব কথা জানায় টিআইবি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

## `কুষ্টিয়ার ডিসি হতে ২০-৩০ কোটি টাকা খরচ করা লাগছে, বলে মন্তব্য

কুষ্টিয়ার বর্তমান জেলা প্রশাসক (ডিসি) বদলি হয়ে আসার জন্য ২০-৩০ কোটি টাকা ব্যয় করেছেন- এমন বক্তব্যের কারণে সংসদ সদস্য (এমপি) মুফতি আমির হামজাকে আইনি নোটিশ পাঠানো হয়েছে। একইসঙ্গে নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে তথ্যদাতার পরিচয় জনসম্মুখে প্রকাশ অথবা আইনের হাতে তুলে দেওয়ার আহ্বান জানানো হয়েছে। কুষ্টিয়া সদর উপজেলার জিয়ারখী ইউনিয়ন যুবদলের সভাপতি রবিউল ইসলামের পক্ষে সোমবার (১৩ এপ্রিল) আইনজীবী আব্দুল মজিদ নোটিশটি পাঠান। এ বিষয়ে তিনি বলেন, ”লিগ্যাল নোটিশটি এমপি সাহেব বরাবর পাঠানো হয়েছে। নোটিশে সাতদিনের মধ্যে নাম-পরিচয় প্রকাশ অথবা আইনগত ব্যবস্থা নিতে আহ্বান জানানো হয়েছে। যদি তা না করেন, তাহলে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।„ (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

### শাহ্ আমানতে দুইদিনে আরও ৯ ফ্লাইট বাতিল

মধ্যপ্রাচ্যে যুদ্ধবিরতির পরও চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে আন্তর্জাতিক ফ্লাইট চলাচল এখনো পুরোপুরি স্বাভাবিক হয়নি। গত শনিবার থেকে পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও, রোববার ও সোমবার (১২ ও ১৩ এপ্রিল) মিলিয়ে ৯টি ফ্লাইট বাতিল হয়েছে। বিমানবন্দর সূত্র জানায়, এই দুইদিনে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের মধ্যপ্রাচ্য থেকে আসা দুটি এবং একটি বহির্গমন ফ্লাইট বাতিল করা হয়। এছাড়া ইউএস-বাংলা এয়ারলাইনসের মধ্যপ্রাচ্য থেকে আসা দুটি ফ্লাইট বাতিল হয়েছে। এদিকে, এয়ার আরাবিয়ার শারজাহ রুটের একটি আগমন ও একটি বহির্গমন ফ্লাইট বাতিল হয়েছে। সালাম এয়ারের মাস্কাট থেকে আসা একটি এবং মাস্কাটগামী একটি ফ্লাইটও বাতিল করা হয়েছে। তবে সব মিলিয়ে কিছু ফ্লাইট চলাচল স্বাভাবিক ছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

### জ্বালানি সুবিধা নেবেন না প্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনাম

প্রাধিকারভুক্ত জ্বালানি সুবিধা না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী ফকির মাহবুব আনাম। মন্ত্রী তার এ সিদ্ধান্তের কথা জানিয়ে গত ৬ এপ্রিল মন্ত্রিপরিষদ বিভাগে চিঠি পাঠিয়েছেন। সেই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য গত ৯ এপ্রিল মন্ত্রিপরিষদ বিভাগ থেকে চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারের কাছে আরেকটি চিঠি পাঠানো হয়েছে। চিঠিতে মন্ত্রিপরিষদ বিভাগ লিখেছে, জানানো যাচ্ছে যে, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী ফকির মাহবুব আনাম এপ্রিল, মে ও জুন মাসে তার প্রাধিকারভুক্ত জ্বালানি সুবিধা না নেওয়ার বিষয়ে ইচ্ছা পোষণ করেছেন। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারকে অনুরোধ জানিয়েছি মন্ত্রিপরিষদ বিভাগ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

### ইসলামী ব্যাংক বিপন্ন হলে অর্থনীতি বঙ্গোপসাগরে চলে যাবে : জামায়াত আমির

ইসলামী ব্যাংকে নতুন করে অস্থিরতা শুরু হয়েছে উল্লেখ করে বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান বলেছেন, দেশের রেমিট্যান্সের ৩২ শতাংশ একাই আহরণ করে ইসলামী ব্যাংক। এ ব্যাংকের অস্তিত্ব বিপন্ন হলে দেশের অর্থনীতি বঙ্গোপসাগরে চলে যাবে। তিনি বলেন, ”সাবধান করে দিচ্ছি, এইটাকে দলীয়করণ করবেন না। যদি দলীয়করণ করেন, ব্যাংকগুলোকে একটার পর একটা- জনগণ আপনাদের ছেড়ে কথা বলবে না। এ দেশের ব্যাংকের মূল মালিক জনগণ। জনগণকে বলবো, জেগে উঠুন, আওয়াজ তুলুন, ওদের কদর্য চেহারা জাতির সামনে উন্মুক্ত করে দিন, থামিয়ে দিন, থামিয়ে দিতেই হবে।„ (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৪.২০২৬ রিহাব)

## BBC

### IRAN CARRIED OUT HIGHEST NUMBER OF EXECUTIONS IN DECADES

Iran executed at least 1,639 people last year, the highest number recorded there since 1989, two non-governmental organisations say. The total represents an increase of 68% compared to 2024, when 975 executions were recorded, according to a report by Norway-based Iran Human Rights (IHR) and Paris-based Together Against the Death Penalty (EPCM). Most of those hanged were convicted of drug-related offences or murder, they say. But at least 57 were convicted of security-related charges, including two protesters. The NGOs warn that Iranian authorities could use executions even more extensively this year in the wake of January's protests and the war against the US and Israel. Since the start of the conflict on 28 February, seven people have been executed in connection with the protests, when thousands of demonstrators were killed and tens of thousands detained during an unprecedented crackdown by security forces.(BBC Web page : 13.04.2026 Ali Ahmed)

### UK COULD ADOPT EU SINGLE MARKET RULES UNDER NEW LEGISLATION

Sir Keir Starmer is planning legislation to allow the UK to adopt new EU laws without Parliament having to hold a full vote each time. The measure is meant to make it easier for the UK to "dynamically" align with future rules required to deliver new deals in areas like food standards. The government says MPs and peers will retain "a role" in scrutinising new rules adopted under the plan. But the plans have provoked strong opposition from the Conservatives and Reform UK. The new legislation, expected later this year, would give ministers a fast-track route for introducing draft laws to align with future European standards designed to ensure a single market in the trade of goods and services. The new powers would apply to agreements they are planning with the EU on food standards, carbon pricing for industry and electricity trading. New rules would be introduced as "secondary" legislation, which receives less scrutiny and gives MPs a more limited role in approving it.

(BBC Web page : 13.04.2026 Ali Ahmed)

### EASYJET PASSENGERS DESCRIBE EU BORDER 'NIGHTMARE'

Passengers forced to spend thousands of pounds to return to the UK after their EasyJet flight left without them said border control delays caused by the European Union's new entry-exit system had been a "nightmare". More than 100 people missed their flight to Manchester from Milan's Linate airport on Sunday while stuck in what the airline described as "unacceptable" passport control queues. Some travellers reported vomiting and passing out as they tried to get through biometric and facial recognition checks rolled out under the new European Entry-Exit System (EES) on Friday. Carol Boon said the experience was "just horrible", while Max Hume said he had been forced to spend £1,800 to get home.
(BBC Web page : 13.04.2026 Ali Ahmed)

**ORBÁN ERA SWEPT AWAY BY PÉTER MAGYAR'S HUNGARY ELECTION LANDSLIDE**

Viktor Orbán's 16 years in power is over and a system condemned as an "electoral autocracy" lies in tatters, defeated by a 45-year-old former party insider who convinced a majority of Hungarians to bring it to an end. "We did it," Péter Magyar told a crowd of cheering supporters beside the River Danube, overlooking Budapest's magnificent parliament on the other side. "Together we overthrew the Hungarian regime." Preliminary election results, based on more than 98% of counted votes, put his Tisza party on course for an extraordinary 138 seats, with Orbán's Fidesz on 55 and the far-right Our Homeland on six. The landslide will not only allow Magyar to overturn Orbán's increasingly unpopular domestic policies, but reset Hungary's global relationships. Orbán has been a close partner of both US President Donald Trump - earning an in-person appearance from US Vice-President JD Vance in the final week of the campaign - and Russia's Vladimir Putin, and he had become a big thorn in the side of the EU and Ukraine.
(BBC Web page : 13.04.2026 Ali Ahmed)

**CARNEY ON VERGE OF LIBERAL MAJORITY GOVERNMENT AS VOTES CAST IN THREE BY-ELECTIONS**

Canadian Prime Minister Mark Carney's Liberals could soon have a slim majority in the House of Commons if the party is able to make gains in three by-elections being held on Monday. The outcome of the races - two in the Toronto area and one near Montreal - could solidify his hold on power, staving off a federal election until as late as 2029 and giving his party the ability to pass legislation without relying on support from opposition benches. Liberals currently hold 171 of the 343 seats in the House, one shy of a technical majority. The likely power shift comes a year after Carney became prime minister and follows a series of defections by opposition members of parliament to the Liberals. The Liberals are widely expected to win the two Toronto ridings, or constituencies, of Scarborough Southwest and University-Rosedale. (BBC Web page : 13.04.2026 Ali Ahmed)

## :: THE END ::